পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
বুকিংয়ের জন্য যোগাযোগ
অনিকেতঃ ৮৩৩৪৮২৬৯৭৫
শান্তনুঃ ৯৮৭৫৬৫৮২৩৮

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 31, Issue No.: 78 Tuesday, 17 February, 2026 ✱ ৩১ বর্ষ, ৭৮ সংখ্যা ✱ ৪ ফাল্গুন ১৪৩২, মঙ্গলবার, ১৭ ফেব্রুয়ারি ২০২৬ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

বাংলার বাড়ি প্রকল্পের নথি এসআইআর-এ বৈধ নয়

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ ফেব্রুয়ারিঃ এসআইআর প্রক্রিয়ায় প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনা, ইন্দিরা আবাস যোজনা বা বাংলার বাড়ি (গ্রামীণ) প্রকল্পের আর্থিক সহায়তার অনুমোদনপত্র গ্রাহ্য নয়। শুনানি শেষের দু'দিন পর চিঠি দিয়ে জানাল জাতীয় নির্বাচন কমিশন। এখন প্রশ্ন হচ্ছে, ১৪ ফেব্রুয়ারি শুনানি শেষ হয়ে গিয়েছে। কিন্তু যে বিষয়ে ২১ জানুয়ারি জানতে চাওয়া হয়েছিল, তার উত্তর এল প্রায় এক মাস পরে। ফলে সময় নির্বাচন নিয়েই উঠছে প্রশ্ন। শুনানি মিটে যাওয়ার পর এই ব্যাখ্যার তাৎপর্য কী- তা নিয়েও ধন্দে অনেক আবেদনকারী। এক তৃণমূল নেতার কথায়, বিজেপি-কমিশন এক হয়ে কাজ করেছে এটাই তার প্রমাণ। এত দিনে কমিশনের ঘুম ভেঙেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালকে পাঠানো ওই চিঠিতে বলা হয়েছে, ২১ জানুয়ারি ২০২৬-এ পাঠানো একটি রেফারেন্সের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত স্পষ্ট করা হয়েছে। সেখানে জানতে চাওয়া হয়েছিল, উল্লিখিত আবাস প্রকল্পগুলির আর্থিক অনুমোদনপত্র এসআইআর প্রক্রিয়ায় গ্রহণযোগ্য কি না। চিঠিতে ৯ ফেব্রুয়ারি, সুপ্রিম

কোর্টের নির্দেশের উল্লেখ করে বলা হয়েছে, আদালত জানিয়েছে, যাঁদের নোটিস দেওয়া হয়েছে, তাঁরা এসআইআর নোটিসে উল্লিখিত নথি বা আদালতের ১৯ জানুয়ারির নির্দেশে উল্লিখিত নথির উপর নির্ভর করতে পারবেন, এবং আপত্তি নিষ্পত্তির সময় ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসাররা সেই নথিগুলি বিবেচনা করবেন। এ প্রসঙ্গে কমিশন জানিয়েছে, ২৭ অক্টোবর ২০২৫-এ জারি হওয়া এসআইআর নির্দেশিকায় সরকারি জমি বা বাড়ি বরাদ্দের শংসাপত্র একটি নির্দেশক নথি হিসেবে উল্লেখ রয়েছে। কিন্তু পিএমএওয়াই-জি, আইএওয়াই বা বাংলার বাড়ি (গ্রামীণ) প্রকল্পে আর্থিক সহায়তার অনুমোদনপত্র সেই সংজ্ঞার অন্তর্ভুক্ত নয়। এগুলি সুপ্রিম কোর্টের নির্দেশ বা এসআইআর নির্দেশিকায় নির্দিষ্ট নথির তালিকায় পড়ে না। চিঠির শেষে নির্দেশ দেওয়া হয়েছে, এই সিদ্ধান্ত সংশ্লিষ্ট সমস্ত আধিকারিকের নজরে এনে কঠোরভাবে কার্যকর করতে হবে। এখানেই তৈরি হয়েছে বিতর্কের জায়গা। ২১ জানুয়ারি যখন এই দুই প্রকল্পের নথি গ্রহণযোগ্য কি না, তা নিয়ে প্রশ্ন তোলা হয়েছিল, তখনই কি কমিশন স্পষ্ট অবস্থান জানাতে পারত না? প্রায় এক মাস ধরে অনিশ্চয়তা কেন চলল, তা নিয়ে প্রশ্ন তুলছেন অনেকে। কারণ, ১৪ ফেব্রুয়ারি শুনানি শেষ হওয়ার আগে পর্যন্ত বহু আবেদনকারী প্রধানমন্ত্রী আবাস, ইন্দিরা আবাস কিংবা বাংলার বাড়ি প্রকল্পের উপভোক্তা হিসেবে পাওয়া কার্ড বা অনুমোদনপত্র জমা দিয়েছেন। এখন তাঁদের ভবিষ্য কী? সেই নথিগুলি কি সরাসরি অগ্রাহ্য হবে? যদি তা-ই হয়, তবে শুনানির সময়েই কেন তা জানানো হল না? নির্বাচনী প্রক্রিয়ায় সময়নিষ্ঠা ও স্বচ্ছতার উপর গুরুত্ব দেওয়ার কথা কমিশন বরাবরই বলে থাকে। কিন্তু শুনানি শেষের পর এমন গুরুত্বপূর্ণ বিষয়ে ব্যাখ্যা আসায় বিভ্রান্তি বেড়েছে বলেই মত পর্যবেক্ষকদের।

'লাগামছাড়া ক্ষমতা কাউকে দেওয়া হয়নি'

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ ফেব্রুয়ারিঃ রাজ্যের এসআইআর প্রক্রিয়া প্রায় শেষ পর্যায়ে। তবে ৭ জন এইআরও-র সাসপেনশন ইস্যু ঘিরে রাজনৈতিক ও প্রশাসনিক মহলে উত্তাপ বাড়ছে। এই পরিস্থিতিতে রাজ্যের সিইও দফতর স্পষ্ট বার্তা দিয়েছে - সব কাজই নিয়ম মেনেই হচ্ছে এবং ভবিষ্যতেও নিয়ম মেনেই হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক তথা সিইও মনোজ আগরওয়াল বলেন, ''লাগামছাড়া ক্ষমতা কাউকেই দেওয়া হয়নি। এইআরও-দের সাসপেন্ড করা হয়েছে আইন মেনেই। ২০০০ সালের সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী এটা করা হয়েছে। এতে সব রাজ্য ও নির্বাচন কমিশন চুক্তিবদ্ধ। যা হয়েছে, আইন মেনেই হয়েছে।'' তিনি জানান, যে ৭ জন এইআরও-কে সাসপেন্ড করা হয়েছে, তাঁরা এসআইআর গাইডলাইন লঙ্ঘন করেছেন। এছাড়া স্পষ্ট করা হয়েছে, নির্বাচন কমিশন-এর সঙ্গে পরামর্শ করেই একমাত্র রাজ্য সরকার এই ৭ জনের সাসপেনশন প্রত্যাহার করতে পারে। অন্য কোনও পদ্ধতি নেই। সিইও আরও বলেন, পশ্চিমবঙ্গই একমাত্র রাজ্য, যেখানে সরাসরি নির্বাচন কমিশন সাসপেনশনের নির্দেশ দিয়েছে। বিএলও থেকে শুরু করে ইআরও - সব স্তরেই নিয়ম মেনে কাজ করার নির্দেশ দেওয়া হয়েছে। যাঁরা আবাস যোজনা বা বাংলার বাড়ির সঙ্গে অন্য নথিও জমা দিয়েছেন, কিন্তু সংশ্লিষ্ট ইআরও তা আপলোড করেননি এবং যদি তা প্রমাণিত হয়, তবে তাঁর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন সিইও। পাশাপাশি এও স্পষ্ট করা হয়েছে, বাংলার বাড়ি বা প্রধানমন্ত্রী আবাস যোজনা বা ইন্দিরা আবাস যোজনার শংসাপত্র কেউ যদি 'সোল' ডকুমেন্ট হিসেবে জমা দিয়ে থাকেন এবং সেখানকার ইআরও বা এইআরও সেই শংসাপত্রকেই মান্যতা দিয়ে থাকেন, তাহলে সেই আবেদন বাতিল তো হবেই সেই সঙ্গে সংশ্লিষ্ট ইআরও বা এইআরও-র বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। অন্যদিকে, শুনানির সময় প্রয়োজনীয় নথি জমা দেওয়ার পরেও যদি কারও নাম চূড়ান্ত ভোটার তালিকা থেকে বাদ পড়ে, তবে প্রথমে ডিইও-র কাছে আপিল করতে হবে। সেখানে নিষ্পত্তি না হলে রাজ্যের সিইও-র কাছে আপিলের সুযোগ থাকবে। প্রসঙ্গত, এখনও পর্যন্ত রাজ্যে মোট ২ লক্ষ ৮ হাজার ৮৭০ জন অযোগ্য ভোটার চিহ্নিত হয়েছে বলে জানিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক। সব মিলিয়ে, এসআইআর প্রক্রিয়া শেষের মুখে দাঁড়িয়ে প্রশাসনের বার্তা স্পষ্ট - নিয়মভঙ্গ করলে কোনও রেয়াত নেই, এবং ভোটার তালিকা প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখাই প্রধান লক্ষ্য।

তৃণমূলে নতুন মুখ নিয়ে জোর জল্পনা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ ফেব্রুয়ারিঃ মেয়াদ ফুরোচ্ছে রাজ্যসভার সাংসদদের। কারা হবে নতুন মুখ? নাকি পুরনো সাংসদরাই আবার পদে ফিরবেন? শুরু হয়েছে জল্পনা। তৃণমূলের অন্দরে ঘোরাফেরা করছে বেশ কয়েকটি নাম। চার সাংসদের চারজনই বদলে যেতে পারে বলে অনুমান করা হচ্ছে। সূত্রের খবর, তৃণমূলের নতুন তালিকায় থাকতে পারে কোনও এক সাংবাদিকের নাম। বিধানসভা নির্বাচনের ঠিক আগে, মার্চ মাসে শেষ হচ্ছে রাজ্যসভার সাংসদদের মেয়াদ। বর্তমানে তৃণমূলের তিন রাজ্যসভার সাংসদ হলেন সাকেত গোখলে, ঋতব্রত বন্দ্যোপাধ্যায় ও সুব্রত বক্সী। এছাড়া ছিলেন মৌসম বেনজির নূর, যিনি ইতিমধ্যেই সাংসদ পদে ইস্তফা দিয়ে তৃণমূল ছেড়ে কংগ্রেসে ফিরেছেন। সেই ফাঁকা জায়গায় কাকে পাঠানো হবে, সেই প্রশ্নও রয়ে যাচ্ছে। সূত্রের খবর, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়কে এবার বিধানসভায় টিকিট দিতে পারে তৃণমূল। সে ক্ষেত্রে এক সাংবাদিককে ওই জায়গায় পাঠানো হতে পারে বলে শোনা যাচ্ছে, তবে নামটা এখনও স্পষ্ট নয়। অন্যদিকে, মৌসম নূরের জায়গায় আবার কোনও সংখ্যালঘু মহিলা মুখ বেছে নিতে পারে তৃণমূল, এমনটাই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। সাকেত গোখলে এবার আর সাংসদ হচ্ছে না বলেই ঘাসফুল শিবিরের অন্দরের খবর। সুব্রত বক্সী টিকিট পাবেন কি না, সে ব্যাপারে সিদ্ধান্ত নেবে শীর্ষ নেতৃত্ব। মেয়র ফিরহাদ হাকিমের নাম নিয়েও কানাঘুষো শোনা যাচ্ছিল। সে ক্ষেত্রে সাংসদ হলে আর বিধানসভা ভোটে লড়া হবে না ফিরহাদের। এদিকে, সিপিএম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্যেরও সাংসদ হিসেবে মেয়াদ শেষ হয়ে যাচ্ছে।

সাপুরজিতে অসুস্থ হচ্ছেন একের পর এক!

নিজস্ব প্রতিনিধি, নিউটাউন, ১৬ ফেব্রুয়ারিঃ দ্রুত ছড়াচ্ছে নিউটাউনে রোগ। ইতিমধ্যেই আক্রান্ত পঞ্চাশের বেশি। জানা যাচ্ছে, সাপুরজিতে ইতিমধ্যেই আক্রান্ত হয়েছেন অনেকে। দূষিত পানীয় জলে অসুস্থ একাধিক। কর্তৃপক্ষকে ঘিরে উত্তাল বিক্ষোভ। জানা যাচ্ছে, সাপুরজি আবাসনের ই-ব্লকে ভয়াবহ আকার ধারণ করেছে ডায়রিয়ার প্রকোপ। ব্লকের প্রায় প্রতিটি ঘরেই কেউ না কেউ অসুস্থ। আক্রান্ত হওয়ায় গোটা আবাসন চত্বরে তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে এবং স্বচ্ছ পানীয় জলের দাবিতে সোমবার সকালে আবাসন কর্তৃপক্ষের ফেসিলিটি ম্যানেজারকে ঘিরে ধরে বিক্ষোভ দেখান বাসিন্দারা। গত কয়েকদিন ধরেই সাপুরজি ই-ব্লকের বাসিন্দারা পেটের সমস্যায় ভুগছিলেন। বাসিন্দাদের অভিযোগ, আবাসন থেকে যে পানীয় জল সরবরাহ করা হচ্ছে, তা অত্যন্ত দূষিত। সেই জল পান করেই ছোট-বড় নির্বিশেষে ব্লকের প্রায় সমস্ত মানুষ অসুস্থ হয়ে পড়েছেন। অসুস্থের সংখ্যা শতাধিক ছাড়িয়ে যাওয়ায় উদ্বেগের ছায়া নেমে এসেছে এলাকায়। আবাসিকদের দাবি, পানীয় জলের মান নিয়ে তাঁরা বারবার আবাসন কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানিয়েছেন। কিন্তু বারংবার বলা সত্ত্বেও কর্তৃপক্ষ কোনও ব্যবস্থা গ্রহণ করেনি।

মুম্বই ধারাবাহিক বিস্ফোরণের অন্যতম চক্রী আবু সালেমকে মুক্তি দিল না সুপ্রিম কোর্ট

সংবাদ সংস্থা, নায়াদিল্লি, ১৬ ফেব্রুয়ারিঃ সুপ্রিম কোর্ট ১৯৯৩ সালের মুম্বই ধারাবাহিক বিস্ফোরণ মামলার দণ্ডিত আসামি আবু সালেম-এর মুক্তির আবেদন খারিজ করে দিল সোমবার। আবেদনকারীর দাবি ছিল, সে ইতিমধ্যেই ২৫ বছর কারাবাস সম্পূর্ণ করেছে, যা ভারত-পর্তুগাল বন্দি প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী সর্বোচ্চ মেয়াদ। কিন্তু, বিচারপতি বিক্রম নাথ ও বিচারপতি

সন্দীপ মেহতা-র বেঞ্চ এই যুক্তিতে তাৎক্ষণিক কোনও স্বস্তি দিতে অস্বীকার করে। সালেমের আইনজীবীর বক্তব্য ছিল, ২০০৫ সালের ১১ নভেম্বর থেকে সে ধারাবাহিকভাবে হেফাজতে রয়েছে এবং পর্তুগাল সরকারকে দেওয়া আশ্বাস-এর ভিত্তিতেই সালেম মুক্তিযোগ্য। শুনানিতে বেঞ্চ প্রশ্ন তোলে, সালেমের সাজা গণনায় কীভাবে ২৫ বছরের হিসাব করা হচ্ছে। তাঁর আইনজীবী দাবি করেন, ২০০৫ সাল থেকে তাঁর আটক থাকার সময়কালই মূল গণনার ভিত্তি হওয়া উচিত। তবে আদালত জানতে চায়, এই হিসাবের মধ্যে কি মকুব বা প্যারোল ধরা হচ্ছে কি না। আদালতের মতে, প্রত্যর্পণ চুক্তির সময়সীমা ব্যাখ্যার ক্ষেত্রে কঠোর আইনি মানদণ্ড মানতেই হবে এবং বর্তমান আবেদন সেই মানদণ্ড পূরণ করছে না। ফলে আপাতত মুক্তির প্রশ্নে কোনও হস্তক্ষেপ করা হয়নি। আবু সালেমকে পর্তুগাল থেকে ২০০৫ সালের ১১ নভেম্বর ভারতে প্রত্যর্পণ করা হয়। এই প্রত্যর্পণ হয়েছিল একটি নির্দিষ্ট চুক্তি এবং ভারত সরকারের দেওয়া আশ্বাসের ভিত্তিতে। ওই আশ্বাসে বলা হয়েছিল, সালেমকে মৃত্যুদণ্ড দেওয়া হবে না এবং তার কারাদণ্ডের সর্বোচ্চ মেয়াদ ২৫ বছরের বেশি হবে না। পর্তুগালে মৃত্যুদণ্ড নেই এবং আজীবন কারাদণ্ডের ক্ষেত্রেও সর্বোচ্চ সীমা নির্ধারিত থাকায় এই শর্ত বাধ্যতামূলক ছিল। মূল বিতর্ক এখন এই ২৫ বছরের সময়সীমা ঠিক কবে থেকে কার্যকর ধরা হবে, তা নিয়েই। সালেমের পক্ষের আইনজীবীরা দাবি করছেন, ২০০২ সাল থেকে পর্তুগালে আটক থাকার সময়ও গণনায় ধরতে হবে। তবে ভারতীয় কর্তৃপক্ষের বক্তব্য, গণনা শুরু হবে কেবল ২০০৫ সালের ১১ নভেম্বর থেকে, যেদিন তাকে আনুষ্ঠানিকভাবে ভারতের হাতে তুলে দেওয়া হয়। পাশাপাশি সাজা মকুব বা ভাল আচরণের জন্য সাজা হ্রাসের নিয়ম এই ২৫ বছরের সীমার মধ্যে প্রযোজ্য কি না, তা নিয়েও প্রশ্ন উঠেছে। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, প্রত্যর্পণ চুক্তির শর্ত একটি বিশেষ আইনি প্রতিশ্রুতি এবং তা স্বাভাবিক রেমিশন নীতির সঙ্গে স্বয়ংক্রিয়ভাবে যুক্ত নাও হতে পারে। ১৯৯৩ সালের ১২ মার্চ মুম্বইয়ে একের পর এক ১২টি শক্তিশালী গাড়িবোমা বিস্ফোরণ হয়। বোম্বে স্টক এক্সচেঞ্জ, এয়ার ইন্ডিয়া বিল্ডিং-সহ একাধিক গুরুত্বপূর্ণ স্থানে এই হামলায় ২৫৭ জন নিহত এবং ৭০০-র বেশি মানুষ আহত হন। এটি ভারতের ইতিহাসে অন্যতম ভয়াবহ সন্ত্রাসী হামলা হিসেবে বিবেচিত। এই মামলায় অস্ত্র ও গোলাবারুদ সরবরাহ এবং ষড়যন্ত্রে জড়িত থাকার দায়ে আবু সালেমকে দোষী সাব্যস্ত করা হয়। একটি বিশেষ টাডা আদালত তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়, যদিও তা প্রত্যর্পণ চুক্তির শর্তাধীন। আবু সালেম ২০০২ সালে ভুয়ো পাসপোর্টে ভ্রমণের অভিযোগে লিসবনে গ্রেফতার হয়। এরপর ভারত সরকার তার প্রত্যর্পণের জন্য আইনি প্রক্রিয়া শুরু করে। দীর্ঘ মামলা চলার পর ২০০৪ সালের ফেব্রুয়ারিতে পর্তুগালের আদালত প্রত্যর্পণের অনুমতি দেয়। অবশেষে ২০০৫ সালে তাকে ভারতে আনা হয়। এরপর থেকে সে একাধিক মামলায় বিচারাধীন ছিল, যার মধ্যে প্রদীপ জৈন হত্যা মামলা এবং ১৯৯৩ সালের বিস্ফোরণ মামলা অন্যতম।

দিল্লির বুকে আন্তর্জাতিক স্তরে এআই-আলোচনা

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৬ ফেব্রুয়ারিঃ মোদির হাত উদ্বোধন হবে ভারতের কৃত্রিম বুদ্ধিমত্তার নয়া অধ্যায়। সোমবার নয়াদিল্লির ভারত মন্ডপমে 'এআই ইমপ্যাক্ট এক্সপো'র সম্মেলনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই অনুষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ 'এআই ইমপ্যাক্ট সামিট'। ১৬ ফেব্রুয়ারি, সোমবার উদ্বোধন, চলবে টানা চারদিন। যাতে অংশগ্রহণ করবেন দেশ-বিদেশের খ্যাতনামা ব্যক্তিত্বরা। গতি পাবে ভারতের কৃত্রিম বুদ্ধিমত্তার যাত্রা। এদিন উদ্বোধনের পূর্বে 'এআই ইমপ্যাক্ট সামিট' নিয়ে নিজের প্রত্যাশা জনগণের কাছে তুলে ধরেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নিজের এক্স হ্যান্ডেলে তিনি লেখেন, 'এই সামিটের জন্য আমি বিশ্বের সকল রাষ্ট্রনেতা, শিল্পপতি, নীতিনির্ধারক, গবেষক এবং বিশ্বজুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রযুক্তিপ্রেমীদের আন্তরিকভাবে স্বাগত জানাই। এই সামিট সকলের কল্যাণে, সকলের সুখের, যা মানবসমাজের অগ্রগতির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তাকে কাজে লাগানোর কথা বলবে।' নয়াদিল্লি সূত্রে খবর, শুধুই শিল্পপতি বা মন্ত্রী-আমলারা নয়, এই সম্মেলনে যোগ দিতে চলেছেন বিশ্বের ১৩টি দেশের প্রতিনিধিরাও। সুতরাং বলা যেতে পারে, নয়াদিল্লির বুকে কৃত্রিম বুদ্ধিমত্তাকে কেন্দ্র করে এ যেন এক আস্ত আন্তর্জাতিক সম্মেলন। যাতে যোগ দিতে প্রস্তুত অস্ট্রেলিয়া, জাপান, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, ইতালি, নেদারল্যান্ডস, সুইজারল্যান্ড, সার্বিয়া, এস্তোনিয়া, তাজাকিস্তান এবং আফ্রিকার রাষ্ট্রীয় প্রতিনিধিরা। অনুমান করা হয়েছে, এই সম্মেলনে প্রতিদিন প্রায় আড়াই লক্ষ মানুষ দর্শক হিসাবে অংশগ্রহণ করবেন। বক্তৃতা করবেন ৩ হাজারের অধিক বিশিষ্ট ব্যক্তি। সম্প্রতি ভারতের এআই বিপ্লবকে সাদরে স্বাগত জানিয়েছিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুও। একটি অনুষ্ঠানে যোগ দিতে তিনি বলেছিলেন, ''কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতি মুহূর্তে আমাদের অর্থনীতি এবং সমাজনীতিতে প্রভাব তৈরি করছে। সেই কথা মাথায় রেখেই কেন্দ্রীয় সরকার ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিটের মতো কর্মসূচি শুরু করেছে। আমার বিশ্বাস এই কর্মসূচির মাধ্যমে বিশ্বজুড়ে চলা এআই-বিপ্লবে ভারতও সামিল হয়ে যাবে।''

আর মাত্র ৩ দিন! প্রবল গরমে পুড়তে পারে বাংলা



নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ ফেব্রুয়ারিঃ পারদের নামা-ওঠা চলছেই। সামান্য কমল রাতের তাপমাত্রা। আবহাওয়া অফিস বলছে, দিনের বেলায় শীতের অনুভূতি মিলবে না। আগামী সপ্তাহেই আর ২ থেকে ৩ ডিগ্রি বাড়বে তাপমাত্রা। উত্তর-পশ্চিমের শীতল হাওয়া না থাকলে ও শুষ্ক হাওয়া থাকবে। দক্ষিণা বাতাসের দাপট এখনই বাড়ছে না। আলিপুর আবহাওয়া অফিস বলছে, আজ কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ১৬.৩ ডিগ্রি সেলসিয়াস। তবে রাতের শিরশিরানি দ্রুত উধাও হওয়ার পথে। ২০ ফেব্রুয়ারি থেকে অনেকটাই চাবে পারদ। ৩১ ডিগ্রিতে পৌঁছতে পারে কলকাতার দিনের তাপমাত্রা। জানা যাচ্ছে, নতুন করে পশ্চিমী ঝঞ্ঝা ঢুকবে উত্তর-পশ্চিম ভারতে। মঙ্গলবার দুটি পশ্চিমী ঝঞ্ঝা আসার প্রবল সম্ভাবনা থাকছে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। শীতের আমেজ ধীরে ধীরে কমবে। দিনের তাপমাত্রা স্বাভাবিকের কাছাকাছি থাকছে। রাতের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় এক থেকে দুই ডিগ্রির মতো নিচে রয়েছে বিভিন্ন জেলাতে। তাপমাত্রা ধীরে ধীরে কিছুটা বাড়বে। পরবর্তী সপ্তাহে দু- তিন ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়তে পারে বলে অনুমান আবহাওয়াবিদদের। দক্ষিণবঙ্গে পশ্চিমের জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ১৪ থেকে ১৭ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে। কলকাতা ও সংলগ্ন এলাকায় তাপমাত্রা ১৬ থেকে ১৯ ডিগ্রি। উত্তরবঙ্গে সব জেলাতেই হালকা থেকে মাঝারি মানের কুয়াশার সম্ভাবনা। আগামী তিন চার দিন হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা উত্তরবঙ্গের সব জেলাতেই। দার্জিলিং জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর এবং কোচবিহার জেলাতে কুয়াশার সম্ভাবনা একটু বেশি থাকবে আগামী দু-তিন দিন। উইকেন্ডে সর্বনিম্ন সর্বোচ্চ তাপমাত্রা দুটোই বাড়তে পারে। দার্জিলিংয়ের পার্বত্য এলাকায় ৫ থেকে ৭ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সর্বনিম্ন তাপমাত্রা। উত্তরবঙ্গের উপরের দিকে কালিম্পং সহ সমতলের জেলাতে ১১ থেকে ১৫ ডিগ্রি সেলসিযাসের মধ্যে তাপমাত্রা থাকবে। মালদা সহ নিচের দিকের জেলাতে ১৪ থেকে ১৭ ডিগ্রি সেলসিয়াস সর্বনিম্ন তাপমাত্রা এই উইকেন্ডে। আজ সর্বনিম্ন তাপমাত্রা ১৬.২ ডিগ্রি। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.২ ডিগ্রি। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ আপেক্ষিক আর্দ্রতা ৩৭ থেকে ৮২ শতাংশ।

'আমার এ দেহখানি', ১০ মাসের আলিনের অঙ্গদানে নবজীবন লাভ ৫ শিশুর, শেষবিদায়ে হাজারো চোখের জল

সংবাদ সংস্থা, তিরুবনন্তপুরম, ১৬ ফেব্রুয়ারিঃ জীবনের কাছে মৃত্যু চিরকালই হেরে যায়। কিন্তু, এমনও মৃত্যু থাকে, যার দিকে চোখে চোখ রাখতে লজ্জা পায় জীবনও। সেই মৃত্যুর একটি স্পন্দন থাকে। যা শুধু সেই দেহের ভিতরে থেমে গিয়ে যাওয়ার আগে স্পন্দিত করে দেয় আরও বেশ কয়েকটি জীবনকে। একইসঙ্গে সেই স্পন্দনে জেগে ওঠে এক নতুনের জীবনরেখা। উজ্জ্বলতর দৃষ্টান্তের মহতী উদ্ভাস। ঠিক সেরকই একটি মৃত্যুর মুখোমুখি হল কেরল রাজ্য একা নয়, গোটা দেশ, বলা ভাল তামাম দুনিয়া। কেরলে রবিবার হৃদয়বিদারক এক বিদায় জানানো হল ১০ মাসের শিশু আলিন শেরিন আব্রাহামকে। কেরলের ইতিহাসে সর্বকনিষ্ঠ অঙ্গদাতা। তার শেষকৃত্য অনুষ্ঠিত হয় পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায়। মৃত্যুর কয়েক দিনের মধ্যেই তার অঙ্গদানে নতুন জীবন পেয়েছে পাঁচজন গুরুতর অসুস্থ শিশু। রাজ্যের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন এই সিদ্ধান্তকে অভিহিত করেন মানবিকতার এক অনন্য দৃষ্টান্ত হিসেবে। অভিনেতা কমল হাসান পরিবারকে লেখা এক আবেগঘন বার্তায় বলেছেন, আলিন এখন পাঁচটি জীবনের মধ্যে বেঁচে থাকবে। পাঠানামথিট্টার একটি গির্জার সামনে পুলিশের তরফে গার্ড অব অনার প্রদান করা হয়। শেষকৃত্যে উপস্থিত ছিলেন কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীণা জর্জ এবং কেন্দ্রীয় মন্ত্রী সুরেশ গোপী। কান্না চাপতে না পেরে চোখ ভেজান শত শত শোকাহত মানুষ। সরকার এই সম্মান জানিয়েছে শিশুটির প্রতি শ্রদ্ধা এবং তার বাবা-মায়ের সাহসী সিদ্ধান্তের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে। আলিন এই মাসের শুরুতে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় গুরুতর জখম হয়। মুখ্যমন্ত্রী লিখেছেন, অকল্পনীয় যন্ত্রণার মধ্যেও

বাবা-মা অরুণ আব্রাহাম ও শেরিন অ্যান জন সন্তানের অঙ্গদান করার সিদ্ধান্ত নেন। এর মধ্য দিয়ে আলিন পাঁচটি জীবনকে নতুন আশার আলো উপহার দিয়েছে। ফেব্রুয়ারি ৫ তারিখে মা ও দাদা-দিদার সঙ্গে গাড়িতে যাচ্ছিল আলিন। উল্টো দিক থেকে আসা একটি গাড়ি জোরে ধাক্কা মারে। গুরুতর আহত হয় শিশুটি, আশঙ্কাজনক অবস্থায় কোচি নিয়ে যাওয়া হয় চিকিৎসার জন্য। ১২ ফেব্রুয়ারি চিকিৎসকরা তার ব্রেন ডেথ ঘোষণা করেন। শোকের মাঝেই শুরু হয় এক মানবিক প্রয়াস। অঙ্গ পরিবহনের জন্য তৈরি করা হয় বিশেষ গ্রিন করিডর। রাতের বেলা হেলিকপ্টার চলাচলের অনুমতি না থাকায় অ্যাম্বুলেন্সে করে কোচি থেকে তিরুবনন্তপুরম পর্যন্ত প্রায় ২৩০ কিলোমিটার পথ মাত্র ৩ ঘণ্টা ২০ মিনিটে অতিক্রম করা হয়। পথে কড়া ট্রাফিক নিয়ন্ত্রণ ও হাতে হাতে সিগনাল দিয়ে চলাচল স্বাভাবিক রাখা হয়। আলিনের যকৃত, দুটি কিডনি ও হৃদযন্ত্রের ভালভ দান করা হয়। যকৃত প্রতিস্থাপন করা হয় এক ছয় মাসের শিশুর শরীরে, কিডনি দেওয়া হয় ১০ বছরের এক শিশুকে। সরকারি মেডিক্যাল কলেজে এই অস্ত্রোপচার হলেও হৃদযন্ত্রের ভালভ ও কর্নিয়া পাঠানো হয় আলাদা হাসপাতালে। ঘটনাটি কেবল কেরল নয়, গোটা দেশে আবেগের সাড়া ফেলে। রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকর বলেন, তিনি বাবা-মায়ের সিদ্ধান্তে গভীরভাবে মর্মাহত ও অনুপ্রাণিত। এই আত্মত্যাগের মাধ্যমে তাঁরা অন্যদের জীবনে আশার আলো জ্বালিয়েছেন। অভিনেতা মোহনলাল আলিনকে এক ছোট দেবদূত বলে আখ্যা দেন, যে অন্য শিশুদের জীবনে পুনর্জন্মের আশা এনে দিয়েছে। সুরেশ গোপী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশে তিনি জাতির পক্ষ থেকে শ্রদ্ধা জানাতে এসেছেন। শিশুটির দেহ কবরস্থ হলেও, তার স্পন্দন, দৃষ্টি এখন অন্যদের মধ্যে বহমান থাকবে।

কঠোর অবস্থান নির্বাচন কমিশনের, পশ্চিমবঙ্গের ৭ আধিকারিক সাসপেন্ড

নিজস্ব প্রতিনিধি,কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ কর্তব্যে গাফিলতি বরদাস্ত নয়, ফের তা বুঝিয়ে দিয়ে কঠোর অবস্থান নিল নির্বাচন কমিশন। রাজ্যের আরও ৭ আধিকারিককে সাসপেন্ডের নির্দেশ নির্বাচন কমিশনের। ৭ জনই এসআইআর-এর কাজে এইআরও। গত রবিবার রাজ্যের আরও সাত আধিকারিককে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।রাজ্যের মুখ্য সচিবকে এই ৭ আধিকারিকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। গুরুতর অসদাচরণ, কর্তব্যে অবহেলা ও এসআইআর-এর সঙ্গে সম্পর্কিত বিধিবদ্ধ ক্ষমতার অপব্যবহারের জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে। বরখাস্ত আধিকারিকরা হলেন ঃ (১)এইআরও, ডঃ সেফাউর রহমান, কৃষি বিভাগের সহকারী পরিচালক, ৫৬-সমশেরগঞ্জ বিধানসভা নির্বাচনী এলাকা, মুর্শিদাবাদ(ii) নীতিশ দাস, রাজস্ব আধিকারিক, ফারাক্কা এবং ৫৫-ফারাক্কা বিধানসভা নির্বাচনী এলাকার এইআরও(৩) এইআরও, ডালিয়া রায় চৌধুরী, মহিলা উন্নয়ন আধিকারিক, ময়নাগুড়ি উন্নয়ন ব্লক এবং এইআরও, ১৬-ময়নাগুড়ি বিধানসভা নির্বাচনী এলাকা। এস কে মুর্শিদ আলম, এডিএ, সুতি ব্লক এবং এইআরও ৫৭-সুতি বিধানসভা কেন্দ্রের জন্য। সত্যজি দাস, জয়েন্ট বিডিও এবং জয়দ্বীপ কুন্ডু, এফইও, উভয়ই ১৩৯-ক্যানিং পূর্ব বিধানসভা কেন্দ্রের এইআরও। দেবাশিস বিশ্বাস, জয়েন্ট বিডিও এবং এইআরও ২২৯-ডেব্রা বিধানসভা কেন্দ্র।

দিল্লি পুলিশের প্রতিষ্ঠা দিবসে এক্সবার্তা অমিত শাহর



নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৬ ফেব্রুয়ারি ঃ কর্তব্য পালনে সর্বোচ্চ ত্যাগ স্বীকারকারী শহীদদের প্রতি আন্তরিক শ্রদ্ধাঞ্জলি। সোমবার এক্সবার্তায় এ কথা লিখলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।তিনি লিখেছেন, দিল্লি পুলিশের প্রতিষ্ঠা দিবসে তাঁদের সকলকে শুভেচ্ছা। অটল নিষ্ঠার সাথে, তাঁরা জনগণের সেবা এবং সুরক্ষার ক্ষেত্রে অনুকরণীয় মান স্থাপন করেছেন। সোমবার দিল্লি পুলিশ তাদের ৭৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করে। সেখানে অমিত শাহ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আনুষ্ঠানিক কুচকাওয়াজ পরিদর্শন করেন তিনি।

নির্বাচন কমিশনের বার্ষিক ক্রীড়া সপ্তাহ

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৬ ফেব্রুয়ারি ঃ নির্বাচন কমিশন মানে কেবলই কি ভোট? একেবারেই নয়! নির্বাচন কমিশন মানে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) থেকে খেলাধুলা, আমজনতার মনে গণতন্ত্রের সচেতনতার প্রসার- সবকিছুই! সোমবার সপ্তাহের শুরু হল ‘ গণতন্ত্রের জন্য দৌড়’ থিমের উপর ভিত্তি করে ১০০ মিটার মহিলাদের দৌড় দিয়ে।নয়াদিল্লির কমনওয়েলথ গেমস কমপ্লেক্সে ভারতের নির্বাচন কমিশনের বার্ষিক ক্রীড়া সপ্তাহ ২০২৬ শুরু হচ্ছে। মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) জ্ঞানেশ কুমার এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। ৩৮৩ জন অংশগ্রহণকারী। ৭টি রকমের খেলা। ৪৩টি বিভাগ। মূল সুর ‘ মাঠে সম্প্রীতি, গণতন্ত্রে শক্তি’।

ঘোষণা

দুরন্ত প্রকাশন (প্রাঃ) লিমিটেড বা তার কোনও এজেন্ট এই সংবাদপত্রে প্রকাশিত কোনও বিজ্ঞানের যথার্থতা ও নির্ভরযোগ্যতার ব্যাপারে কোনও ভাবে দায়বদ্ধ নয়। এই সংবাদপত্রে প্রকাশ করা বিজ্ঞাপনগুলি শুধুমাত্র সরল বিশ্বাসে গ্রহণ করা হয়। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

‘ইএলএফ’জাতীয় নিরাপত্তার সঙ্গে জড়িত, ‘ চা-সিঙারার খরচ’ নয় কংগ্রেস নেতা গৌরবকে জবাব মুখ্যমন্ত্রীর

গুয়াহাটি, ১৬ ফেব্রুয়ারি ঃ ডিব্রুগড় জেলার অন্তর্গত মরান বাইপাসে নবনির্মিত ‘ ইমাজেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি’ (ইএলএফ)-কে ‘চা সিঙারার খরচ’ বলে সমালোচনা করেছিলেন অসম প্রদেশ কংগ্রেসের সভাপতি তথা সাংসদ গৌরব গগৈ। গৌরবের সমালোচনার জবাব দিতে গিয়ে মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেছেন, প্রতিরক্ষা মন্ত্রকের প্রকল্প ‘ ইমাজেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি’ (ইএলএফ) সহ রাজ্যের সাম্প্রতিক পরিকাঠামো প্রকল্পগুলি ‘ চা সিঙারার খরচ’ নিয়ে বিতর্কের বিষয় নয়, এগুলি জাতীয় নিরাপত্তার সঙ্গে সরাসরি সম্পর্কিত। দিশপুরে অসম সচিবালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে নানা বিষয়ের তথ্য প্রদানকালে এক জিজ্ঞাসার জবাবে কথাগুলি বলেছেন মুখ্যমন্ত্রী ড. শর্মা। তিনি বলেন, গতকাল খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মরানে কার্যকরী এয়ারস্ট্রিপে রূপান্তরিত সাধারণ জাতীয় সড়কে নির্মিত ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি-তে যুদ্ধবিমান এবং সামরিক হেলিকপ্টার সফলভাবে অবতরণ ও উড্ডয়ন প্রদর্শনী অবাক বিস্ময়ে প্রত্যক্ষ করেছেন। প্রধানমন্ত্রী দেখেছেন, আপকালীন পরিস্থিতিতে কীভাবে অসামরিক পরিকাঠামোকেও দ্রুত সামরিক ঘাঁটিতে রূপান্তর করা সম্ভব। প্রধানমন্ত্রী দেখেছেন, ভারতীয় বায়ুসেনার দ্রুত মোতায়েন ক্ষমতা, লজিস্টিক প্রস্তুতি এবং সামরিক-অসামরিক সমন্বয়ের একটি গুরুত্বপূর্ণ প্রদর্শন। বায়ুসেনার সি-১৩০ হারকিউলিস বিমানে চড়ে সরাসরি মরান বাইপাসে নবনির্মিত হাইওয়ে এয়ারস্ট্রিপ অ্যাডভান্সড ল্যান্ডিং গ্রাউন্ডে পৌঁছেছিলেন প্রধানমন্ত্রী। তিনি বলেনযে, উত্তরপূর্ব ভারতে এই প্রথম এমন একটি ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি তৈরি হয়েছে, যা ভারতীয় বায়ুসেনার সঙ্গে সমন্বয় করে নির্মিত। এটি সামরিক ও অসামরিক উভয় ধরনের বিমানের জরুরি অবতরণ ও উড্ডয়নের জন্য উপযোগী করে গড়ে তোলা হয়েছে।দ্বৈত-ব্যবহারযোগ্য পরিকাঠামো হিসেবে পরিকল্পিত এই ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটিতে সর্বোচ্চ ৪০ টন ওজনের যুদ্ধবিমান এবং ৭৪ টন সর্বোচ্চ টেক-অফ ওজনের পরিবহণ বিমান পরিচালনা করা যাবে। প্রাকৃতিক দুর্যোগ বা জরুরি পরিস্থিতিতে দ্রুত উদ্ধার ও ত্রাণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এটি অঞ্চলের জন্য একটি গুরুত্বপূর্ণ কৌশলগত সম্পদ হিসেবে কাজ করবে।মুখ্যমন্ত্রী বলেন, এই প্রকল্পকে সাধারণ মানুষের দৈনন্দিন ব্যয়ের সঙ্গে তুলনা করা প্রশাসন ও নিরাপত্তা সংক্রান্ত অগ্রাধিকারের বিষয়ে অজ্ঞতার পরিচয় দেয়। কংগ্রেস সাংসদ গগৈ প্রশ্ন তুলেছিলেন, ডিব্রুগড় থেকে দিল্লির বিমানভাড়া ১৮ থেকে ২০ হাজার টাকা হলে কতজন গরিব মানুষ তা বহন করতে পারবেন এবং বিমানবন্দরে এক কাপ চায়ের দাম ১৫০-২০০ টাকা হলে তা সাধারণ মানুষের কী উপকারে আসে?এর জবাবে হিমন্তবিশ্ব শর্মা বলেন, ‘ চালাতে হলে এবং রাজ্যের নিরাপত্তা নিশ্চিত করতে হলে গভীরতা দরকার। যদি কোনও শত্রু দেশ আমাদের আক্রমণ করে, আমরা কীভাবে নিজেদের রক্ষা করব? উত্তর-পূর্বাঞ্চল চারদিক থেকে বাংলাদেশ, মায়ানমার এবং চীন দ্বারা পরিবেষ্টিত। আমাদের বিশেষ ধরনের নিরাপত্তা-ঝুঁকি রয়েছে।’তিনি জোর দিয়ে বলেন, মরানের ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি এবং অন্যান্য কৌশলগত পরিকাঠামো প্রকল্প প্রতিরক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এগুলি অনেক আগেই বাস্তবায়িত হওয়া উচিত ছিল।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মরানে উত্তর-পূর্বাঞ্চলের প্রথম ইমার্জেন্সি ল্যান্ডিং স্ট্রিপ উদ্বোধনের একদিন পর মুখ্যমন্ত্রী কেন্দ্রকে রাজ্যে আরও অতিরিক্ত ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি স্থাপনের অনুরোধ জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, মরানের ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি অসম ও সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের জন্য অত্যন্ত কৌশলগত গুরুত্ব বহন করে। প্রধানমন্ত্রীর উপস্থিতি এবং বায়ুসেনা প্রধানের উপস্থিতি এক শক্ত বার্তা দিয়েছে যে এই ফ্রন্টে ভারত প্রস্তুত।মুখ্যমন্ত্রী ড. শর্মা আরও জানান, অরুণাচল প্রদেশ চীনের সীমান্তঘেঁষা। পরিকাঠামো উন্নয়নের প্রেক্ষাপটে অসমকে একটি ‘ স্টেট’ হিসেবে গড়ে তোলা হচ্ছে। ‘ পরিস্থিতিতে অসমকে বিকল্প ঘাঁটি হিসেবে প্রস্তুত করা হচ্ছে’, বলেন তিনি।ড. শর্মা বলেন, কেবল প্রতিরক্ষা নয়, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার ক্ষেত্রেও ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি গুরুত্বপূর্ণ। তিনি বলেন, ‘ কেন্দ্রকে আরও ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি চেয়ে চিঠি দিয়েছি। বন্যার মতো দুর্যোগের সময় সি-১৩০ পরিবহণ বিমানে ত্রাণসামগ্রী এনে এই স্ট্রিপে নামানো যাবে।’ ইতিমধ্যে রাজ্যে আরও একটি ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি চালু হয়েছে এবং ভবিষ্যতে আরও চার থেকে পাঁচটি স্থাপনার পরিকল্পনা রয়েছে, জানান মুখ্যমন্ত্রী।অসমে প্রস্তাবিত টুইন-টিউব আন্ডারওয়াটার টানেল ভারতের প্রথম রেল-কাম-রোড টানেল সম্পর্কেও বিস্তারিত তথ্য দিয়েছেন মুখ্যমন্ত্রী। বলেন, দুদিন আগে দিল্লিতে প্রধানমন্ত্রীর পৌরোহিত্যে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয়ক কমিটি গহপুর থেকে নুমলিগড় পর্যন্ত ৩৪ কিলোমিটার দীর্ঘ টুইন-টিউব বিশিষ্ট রোড-কাম-রেলওয়ে আন্ডারওয়াটার টানেল নির্মাণের অনুমোদন দিয়েছে, যার মোট ব্যয় ধরা হয়েছে ১৮,৬৬২ কোটি টাকা। এই প্রকল্প ব্রহ্মপুত্রের ওপর সংযোগ বাড়ানোর পাশাপাশি কৌশলগত গতিশীলতা জোরদার করবে।এছাড়া মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা শিলিগুড়ি করিডর বা ‘ নেক’-এর তলা দিয়ে দ্বৈত-লাইন রেল নেটওয়ার্ক নির্মাণের পরিকল্পনার কথাও আজ জানিয়েছেন। বলেন, ‘ ইমার্জেন্সি ল্যান্ডিং ফ্যাসিলিটি, টুইন-টিউব আন্ডারওয়াটার টানেল এবং আন্ডারগ্রাউন্ড রেল নেটওয়ার্ক অসমকে কৌশলগত দিক থেকে শক্তিশালী অবস্থানে নিয়ে যাবে। আমরা অসমের মাটি থেকেই শত্রুকে পরাজিত করব।’ড. শর্মা আরও জানান, রাজ্য সরকার আগামী মাসে কেন্দ্রীয় অসামরিক বিমান চলাচল মন্ত্রকের সঙ্গে মাজুলি, ডিফু, উমরাংসো এবং মানসে প্রস্তাবিত চারটি নতুন বিমানবন্দরের সম্ভাব্যতা সমীক্ষা চালানোর জন্য একটি চুক্তি স্বাক্ষর করবে। এর মাধ্যমে কৌশলগত পরিকাঠামোর পাশাপাশি রাজ্যের অসামরিক বিমান পরিষেবাও সম্প্রসারিত হবে।

প্রথম দিনেই সুপারহিট ‘ যুবসাথী প্রকল্প, জমা পড়ল আবেদনের পাহাড়

কলকাতা, ১৬ ফেব্রুয়া ঃ রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে শুরু হওয়া ‘ যুবসাথী প্রকল্প রাজনৈতিক মহলে মুখ্যমন্ত্রীর মাস্টারস্ট্রোক হিসেবে বিবেচিত হচ্ছে। রাজ্যের যুবসমাজের মধ্যে এই প্রকল্পকে ঘিরে ব্যাপক উসাহ দেখা যাচ্ছে, যার প্রমাণ মিলল এর সূচনার প্রথম দিনেই।রবিবার থেকে রাজ্য সরকারের পক্ষ থেকে ‘ স্বনির্ভর বাংলা’ শিবিরের মাধ্যমে যুবসাথী প্রকল্পে নাম নথিভুক্তকরণ প্রক্রিয়া শুরু হয়েছে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত চলে এই প্রক্রিয়া। যুবসাথী ছাড়াও এই শিবিরগুলি থেকে লক্ষ্মীর ভাণ্ডার, ভূমিহীন খেতমজুরদের আর্থিক সহায়তা এবং কৃষি ক্ষেত্রে বিদ্যুৎ বিল মকুবের মতো প্রকল্পগুলির জন্য আবেদন গ্রহণ করা হচ্ছে। তবে প্রথম দিনে সর্বাধিক আবেদন জমা পড়েছে যুবসাথী প্রকল্পের জন্যই। রবিবার সন্ধ্যায় নবান্ন সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, শিবিরের প্রথম দিনে চারটি প্রকল্প মিলিয়ে মোট ৬ লক্ষের বেশি আবেদন জমা পড়েছে। এর মধ্যে ৯০ শতাংশের বেশি আবেদনই ছিল যুবসাথী প্রকল্পের। অর্থাৎ, প্রথম দিনেই এই প্রকল্পে প্রায় ৫ লক্ষ আবেদন জমা পড়েছে।যুবসাথী প্রকল্পের আওতায় রাজ্যের বেকার যুবক-যুবতীদের প্রতি মাসে ১৫০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করবে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই স্পষ্ট করেছেন যে, আগামী এপ্রিল মাস থেকে সরাসরি উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে এই অর্থ জমা হতে শুরু করবে। প্রথম দিনের এই বিপুল সাড়া বুঝিয়ে দিয়েছে যে যুবসাথী প্রকল্প রাজ্যের তরুণ প্রজন্মের কাছে কতটা জনপ্রিয় হয়ে উঠেছে। আগামী দিনগুলিতে আবেদনের সংখ্যা আরও বাড়বে বলে আশা করা হচ্ছে।

দূষণের ধোঁয়াশা কাটল রাজধানীতে, ২০০-র নীচে নেমে স্বস্তির নিঃশ্বাস দিল্লিবাসীর

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৬ ফেব্রুয়ারিঃবহুদিনের উদ্বেগ, অস্বস্তি আর সতর্কবার্তার পর অবশেষে কিছুটা স্বস্তির খবর দিল রাজধানী দিল্লির আকাশ। ধোঁয়াশার চাদর সরে গিয়ে অনেকটাই পরিস্কার হয়েছে পরিবেশ। সোমবার সকালে রাজধানীর বাতাসের গুণগতমানের সূচক বা একিউআই ২০০-র নীচে নেমে এসেছে, যা সাম্প্রতিক সময়ের তুলনায় উল্লেখযোগ্য উন্নতি বলেই মনে করছেন বিশেষজ্ঞরা। দীর্ঘ শীতকাল জু।ে যে দূষণ পরিস্থিতি নাগরিকদের নাজেহাল করে তুলেছিল, তার মধ্যেই এই পরিবর্তন যেন খানিকটা স্বস্তির পরশ এনে দিল।এদিন সকালে দিল্লির ইন্ডিয়া গেট ও কর্তব্যপথ এলাকায় একিউআই রেকর্ড করা হয়েছে ১৫৬। এই সূচক ‘ বা মাঝারি স্তরের দূষণের মধ্যে পড়ে, যা আগের কয়েক সপ্তাহের তুলনায় যথেষ্ট উন্নত। একইভাবে, রাজধানীর অন্যতম গুরুত্বপূর্ণ স্বাস্থ্যকেন্দ্র এইমস সংলগ্ন এলাকায় একিউআই ছিল ১৪৮। এই পরিসংখ্যানই ইঙ্গিত দিচ্ছে যে বাতাসে ভাসমান ক্ষতিকর কণার ঘনত্ব কমেছে এবং ধীরে ধীরে পরিস্থিতি নিয়ন্ত্রণের দিকে এগোচ্ছে।গত কয়েক মাস ধরে দিল্লির আকাশ যেন ধোঁয়াশার আবরণে ঢাকা ছিল। শীতের শুরু থেকেই পার্শ্ববর্তী রাজ্যগুলিতে খড় পোড়ানো, যানবাহনের নির্গমন, নির্মাণকাজের ধুলো এবং আবহাওয়ার স্থিতিশীল স্তরবিন্যাস-সব মিলিয়ে দূষণের মাত্রা ভয়াবহ আকার নেয়। একাধিক দিন একিউআই ৩০০ থেকে ৪০০-র গণ্ডিও অতিক্রম করে ‘ বা মারাত্মক স্তরে পৌঁছেছিল। স্কুল বন্ধ, নির্মাণকাজে নিয়ন্ত্রণ, গাড়ি চলাচলে বিধিনিষেধ-এমন নানা পদক্ষেপ নিতে হয়েছিল প্রশাসনকে। সেই প্রেক্ষাপটে সোমবার সকালের এই উন্নতি নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। সকালে দিল্লির আকাশ ছিল তুলনামূলকভাবে পরিষ্কার। সূর্যের আলো স্পষ্টভাবে মাটিতে পৌঁছেছে, দূরের স্থাপত্যও পরিষ্কার চোখে প।ছেে। কয়েক সপ্তাহ আগেও যেখানে কয়েকশো মিটার দূরের দৃশ্য আবছা হয়ে যেত, সেখানে এখন দৃশ্যমানতা অনেকটাই বৃদ্ধি পেয়েছে। পরিবেশবিদদের মতে, হালকা বাতাস বইতে শুরু করা এবং তাপমাত্রার সামান্য বৃদ্ধি-এই দুই কারণ দূষণ কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। শীতের তীব্রতা কমে আসায় বাতাসের স্তরবিন্যাসে পরিবর্তন ঘটেছে, ফলে দূষিত কণাগুলি আর মাটির কাছাকাছি আটকে থাকছে না।শীতের প্রকোপ কমায় নাগরিক জীবনেও এসেছে স্বস্তি। সকালে কুয়াশার দাপট কম থাকায় যান চলাচল স্বাভাবিক হয়েছে। বিমান ও রেল পরিষেবাতেও আর আগের মতো বিঘ্ন ঘটছে না। দীর্ঘদিন ধরে ঠান্ডা ও দূষণের যুগপ চাপে শ্বাসকষ্ট, অ্যালার্জি ও চোখ জ্বালার মতো সমস্যায় ভুগছিলেন বহু মানুষ। বিশেষ করে শিশু ও বয়স্কদের ক্ষেত্রে পরিস্থিতি ছিল উদ্বেগজনক। হাসপাতালগুলিতে শ্বাসকষ্টজনিত রোগীর সংখ্যা বেড়ে গিয়েছিল। এখন একিউআই কমায় চিকিৎসকরা মনে করছেন, অন্তত সাময়িকভাবে হলেও শ্বাসযন্ত্রের উপর চাপ কিছুটা লাঘব হবে।দিল্লির পরিবেশ পরিস্থিতি বরাবরই আলোচনার কেন্দ্রে। প্রতি বছর শীতের মরশুমে দূষণের মাত্রা চরমে ওঠে। পার্শ্ববর্তী হরিয়ানা, পাঞ্জাব ও উত্তরপ্রদেশে কৃষিজমিতে খড় পোড়ানো তার অন্যতম কারণ হিসেবে চিহ্নিত। পাশাপাশি শিল্পাঞ্চল ও নির্মাণস্থলের ধুলোবালি এবং বিপুল সংখ্যক যানবাহনের ধোঁয়াও পরিস্থিতিকে জটিল করে তোলে। এই পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্র ও রাজ্য সরকার একাধিক পরিকল্পনা গ্রহণ করলেও, আবহাওয়াজনিত কারণ বড় ভূমিকা নেয়। যখন বাতাসের গতি কম থাকে এবং তাপমাত্রা নিম্নমুখী হয়, তখন দূষিত কণাগুলি সহজে ছড়িয়ে যেতে পারে না। ফলে দূষণের স্তর হঠাৎ করেই বৃদ্ধি পায়।এবার শীতের শেষ লগ্নে এসে সেই পরিস্থিতির খানিকটা বদল দেখা যাচ্ছে। আবহাওয়াবিদদের মতে, আগামী কয়েকদিন তাপমাত্রা ধীরে ধীরে বাড়তে পারে এবং হালকা বাতাসও বইতে পারে। যদি এই প্রবণতা বজায় থাকে, তবে একিউআই আরও উন্নত হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে তাঁরা সতর্কও করছেন-দূষণ নিয়ন্ত্রণের জন্য কেবল আবহাওয়ার উপর নির্ভর করা যথেষ্ট নয়। দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও কঠোর প্রয়োগ ছাড়া স্থায়ী সমাধান সম্ভব নয়।নাগরিকদের একাংশ বলছেন, সোমবার সকালের পরিষ্কার আকাশ যেন মানসিকভাবেও এক ধরনের প্রশান্তি এনে দিয়েছে। সকালের হাঁটা বা ব্যায়ামে বেরিয়ে অনেকেই অনুভব করেছেন, বাতাসে সেই তীব্র জ্বালাভাব আর নেই। শিশুদের স্কুলে যাওয়া নিয়েও অভিভাবকদের উদ্বেগ কিছুটা কমেছে। তবে অনেকেই মনে করিয়ে দিচ্ছেন, একদিনের উন্নতি মানেই সমস্যার সমাধান নয়। দূষণ নিয়ন্ত্রণে নিয়মিত নজরদারি এবং পরিবেশবান্ধব নীতি গ্রহণই হতে পারে দীর্ঘস্থায়ী সমাধানের পথ।রাজধানীর বিভিন্ন মনিটরিং স্টেশনে এদিন যে পরিসংখ্যান ধরা পড়েছে, তা আপাতত আশার আলো দেখালেও বিশেষজ্ঞরা বলছেন, ‘বায়ুদূষণ স্তরের দূষণও সম্পূর্ণ নিরাপদ নয়। সংবেদনশীল ব্যক্তিদের জন্য এই স্তরেও স্বাস্থ্যঝুঁকি থাকতে পারে। তাই মাস্ক ব্যবহার, অপ্রয়োজনীয় বাইরে যাওয়া এড়ানো এবং যানবাহনের ব্যবহার কমানো-এই সতর্কতাগুলি এখনও প্রাসঙ্গিক।তবে সব মিলিয়ে বলা যায়, ফেব্রুয়ারির মাঝামাঝি এসে দিল্লির আকাশে যে পরিবর্তন দেখা যাচ্ছে, তা দীর্ঘদিনের দমবন্ধ পরিস্থিতির মধ্যে এক টুকরো স্বস্তির হাওয়া। ধোঁয়াশা কেটে গিয়ে পরিস্কার আকাশের দেখা মিলেছে, শীতের তীব্রতাও কমেছে, আর একিউআই নেমেছে ২০০-র নীচে। রাজধানীর মানুষ আপাতত সেই স্বস্তিকেই সাদরে গ্রহণ করেছেন, আশায় আছেন-এই উন্নতি যেন সাময়িক না হয়ে স্থায়ী হয়।

পিএমএওয়াই-জি, বাংলার বাড়ি প্রকল্পের নথি এসআইআর-এ গ্রহণযোগ্য নয়, জানাল নির্বাচন কমিশন

কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ পিএমএওয়াই-জি, বাংলার বাড়ি প্রকল্পের নথি এসআইআর-এ গ্রহণযোগ্য নয়, জানিয়ে দিল নির্বাচন কমিশন। এসআইআর নির্দেশিকায় সরকার কর্তৃক যে কোনও জমি ও বাড়ি বরাদ্দের শংসাপত্রকে নথি হিসেবে উল্লেখ করা হয়েছে। কিন্তু, পিএমএওয়াই-জি, আইএওয়াই, বাংলার বাড়ি (গ্রামীণ) ইত্যাদি প্রকল্পের অধীনে জারি করা আর্থিক সহায়তা অনুমোদন পত্রগুলি এসআইআর নির্দেশিকা অনুযায়ী গ্রহণযোগ্য নথি নয়। এ বার সেই বিষয়টি উল্লেখ করে রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিল নির্বাচন কমিশন। প্রধানমন্ত্রী আবাস যোজনা, ইন্দিরা আবাস যোজনা, বাংলার বাড়ি প্রকল্পে আর্থিক সাহায্য সংক্রান্ত নথির এসআইআরে মান্যতা নেই, স্পষ্ট করে দিল নির্বাচন কমিশন। সিইও কার্যালয় এই নিয়ে ব্যাখ্যা চাওয়ায় নিজেদের অবস্থান জানিয়ে দিল দেশের নির্বাচন কমিশন।

মঙ্গলবার প্রধানমন্ত্রী পদে শপথ নিচ্ছেন তারেক, বিশিষ্ট অতিথি হিসেবে আসছেন ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা

রাজীব দে,ঢাকা, ১৬ ফেব্রুয়ারি ঃমঙ্গলবার বিকেল চারটায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় এক ঐতিহাসিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শপথ নিতে যাচ্ছেন ত্রয়োদশ জাতীয় সংসদের নবনির্বাচিত সদস্যবৃন্দ, প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যগণ। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর চেয়ারম্যান তারেক রহমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নতুন প্রধানমন্ত্রী হিসেবে এদিন শপথ গ্রহণ করবেন।রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভার নতুন সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন। নবনিযুক্ত মন্ত্রিপরিষদের সচিব এম সিরাজ মিয়াঁ গোটা অনুষ্ঠান পরিচালনা করবেন।বিএনপি-র পক্ষ থেকে জানানো হয়েছে, ঐতিহাসিক অনুষ্ঠানে সার্কভুক্ত দেশ সহ বিশ্বের বিভিন্ন প্রান্তের প্রায় ১,২০০ জন বিশিষ্ট অতিথি উপস্থিত থাকবেন। আমন্ত্রিত বিদেশি অতিথিদের মধ্যে উল্লেখযোগ্যরা যথাক্রমে ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে, মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জু, ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা, পাকিস্তানের পরিকল্পনামন্ত্রী আহসান ইকবাল, যুক্তরাজ্যের আন্ডার সেক্রেটারি (ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল) সীমা মালহোত্রা প্রমুখ। এছাড়া নেপালের পররাষ্ট্রমন্ত্রী বালা নন্দ শর্মা এবং শ্রীলঙ্কার স্বাস্থ্যমন্ত্রী নলিন্দা জয়তিসার উপস্থিত থাকার সম্ভাবনা রয়েছে। সার্কভুক্ত সকল দেশের পররাষ্ট্র মন্ত্রীদেরও এই বিশেষ অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে।দীর্ঘদিনের প্রথা ভেঙে এবার বঙ্গভবনের পরিবর্তে জনগণের ক্ষমতার প্রতীক জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় বর্ণাঢ্য এই আয়োজনের প্রস্তুতি সম্পন্ন করেছে সংসদ সচিবালয়। এদিন নির্বাচিত সাংসদগণ কেবল সংসদীয় শপথই নয়, ’সংবিধান সংস্কার পরিষদ’-এর সদস্য হিসেবেও পৃথকভাবে শপথ গ্রহণ করবেন।নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে দেশজুড়ে এবং রাজনৈতিক ক্ষেত্রে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা বিরাজ করছে।

বিশ্ব ভারতে আসছে, এআই-ইন্ডিয়া ইমপ্যাক্ট সামিটে আগতদের স্বাগত প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ১৬ ফেব্রুয়ারি ঃ কৃত্রিম বুদ্ধিমত্তা (আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা এআই) নিয়ে আন্তর্জাতিক সম্মেলন শুরু হচ্ছে নতুন দিল্লিতে। সোমবার থেকে পাঁচ দিনের এই সম্মেলন চলবে শুক্রবার পর্যন্ত। যোগ দেবেন বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান এবং উদ্যোগপতিরা। এই সম্মেলনের পোশাকি নাম ‘ এআই ইমপ্যাক্ট সামিট ২০২৬’। এই সম্মেলনে যোগ দেবেন গুগলের সুন্দর পিচাই, ওপেনএআই-এর স্যাম অল্টম্যান-সহ কমবেশি ৪০টি সংস্থার কর্তাব্যক্তিরা। যোগ দেবেন ২০টি রাষ্ট্রের রাষ্ট্রপ্রধান কিংবা শীর্ষস্থানীয় নেতারা। আগামী বৃহস্পতিবার এই সম্মেলনে বক্তৃতা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।এই সম্মেলনে আগতদের সোমবার স্বাগত জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন সকালে এক্স মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানান, বিশ্বকে কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে.আলোচনার জন্য একত্রিত করা! আজ থেকে, দিল্লির ভারত মণ্ডপমে আই-ইন্ডিয়া ইমপ্যাক্ট সামিটের আয়োজন করছে ভারত। এই শীর্ষ সম্মেলনে বিশ্ব নেতা, শিল্পপতি, উদ্ভাবক, নীতিনির্ধারক, গবেষক এবং বিশ্বজুড়ে প্রযুক্তিপ্রেমীদের আমি আন্তরিকভাবে স্বাগত জানাই। শীর্ষ সম্মেলনের প্রতিপাদ্য হলো সর্বজন হিতায়, সর্বজন সুখায় অর্থাৎ সকলের জন্য কল্যাণ, সকলের জন্য সুখ, যা মানব-কেন্দ্রিক অগ্রগতির জন্য কৃত্রিম বুদ্ধিমত্তাকে কাজে লাগানোর আমাদের যৌথ প্রতিশ্রুতি প্রতিফলিত করে।

বাপি লাহিড়ির প্রয়াণ দিবসে মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

অরূপ নস্কর,কলকাতা, ১৬ ফেব্রুয়ারিঃ ডিস্কো কিং হিসেবে পরিচিতি বাপি লাহিড়ির প্রয়াণ দিবসে তাঁকে এদিন স্মরণ করেছেন তাঁর গুণমুগ্ধরা। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও সমাজ মাধ্যম এক্স হ্যান্ডেলে গত রবিবার এক বার্তায় লিখেছেন যে, - ভারতীয় সংগীত জগতের অন্যতম নক্ষত্র বাপি লাহিড়ির প্রয়াণ দিবসে জানাই বিনম্র শ্রদ্ধা। তাঁকে ‘ বঙ্গবিভূষণ’সম্মানে ভূষিত করতে পেরে আমরা গর্বিত।

দেশীয় বাজারে সামান্য কমেছে সোনার দর

মুম্বই(সংবাদ সংস্থা) ১৬ ফেব্রুয়ারি ঃ দেশীয় বাজারে সোমবার সামান্য কমেছে সোনার দর। সোনার পাশাপাশি রুপোর দামে উল্লেখযোগ্য প্রতি কেজি ৭,০০০ টাকা পর্যন্ত কমেছে।সোমবার দেশীয় সোনার বাজারে ২৪ ক্যারেট সোনার দাম প্রতি ১০ গ্রাম ১ লক্ষ ৫৭ হাজার ৭৪০ টাকা থেকে ১ লক্ষ ৫৭ হাজার ৮৯০ টাকায.লেনদেন হচ্ছে। একইভাবে, ২২ ক্যারেট সোনার দাম প্রতি ১০ গ্রাম ১ লক্ষ ৪৪ হাজার ৫৯০ টাকা থেকে ১ লক্ষ ৪৪ হাজার ৭৪০ টাকায় বিক্রি হচ্ছে।একই সঙ্গে রুপোর দামে কেজি প্রতি প্রায় ৭,০০০ টাকার কমে গিয়েছে। সোমবার দিল্লির বাজারে রুপোর দাম প্রতি প্রায় ২ লক্ষ ৬৮ হাজার টাকায় বিক্রি হয়েছে।এদিকে, সোমবার দিল্লিতে প্রতি ১০ গ্রাম ২৪ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৫৭ হাজার ৮৯০ টাকা ও ২২ ক্যারেট সোনার প্রতি ১০ গ্রাম দাম ১ লক্ষ ৪৪ হাজার ৭৪০ টাকা। মুম্বইতে প্রতি ১০ গ্রামে ২৪ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৫৭ হাজার ৭৪০ টাকা এবং ২২ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৪৪ হাজার ৫৯০ টাকা। আহমেদাবাদে প্রতি ১০ গ্রামে ২৪ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৫৭ হাজার ৭৯০ টাকা এবং ২২ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৪৪ হাজার, ৬৪০ টাকা। চেন্নাইতে প্রতি ১০ গ্রামে ২৪ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৫৭ হাজার ৭৪০ টাকা এবং ২২ ক্যারেট সোনার দাম ১ লক্ষ ৪৪ হাজার ৫৯০

রাজ্য জুড়ে জনসংযোগ, নতুন উদ্যমে এগোনোর চেষ্টা বিজেপি-র

কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ শক্তি কেন্দ্র স্ট্রিট কর্নার মিটিংয়ের মাধ্যমে সাধারণ মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ আরও মজবুত হয়েছে।এক বিবৃতিতে দলের তরফে জানানো হয়েছে, ভারতীয় জনতা পার্টি, পশ্চিমবঙ্গের উদ্যোগে রাজ্যের প্রতিটি শক্তি কেন্দ্র এলাকায় ধারাবাহিকভাবে স্ট্রিট কর্নার মিটিং অনুষ্ঠিত হয়েছে, যার মাধ্যমে এই কর্মসূচির মাধ্যমে বিজেপির উন্নয়নের ভাবনা ও ভবিষ্যৎ পরিকল্পনা ঘরে ঘরে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে।দলের শীর্ষ নেতৃত্বের উপস্থিতিতে এই কর্মসূচি পরিকল্পিত হয় এবং প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা-র নেতৃত্বে ও রাজ্য সহ-সভাপতি অমিতাভ রায়ের সহ-সমন্বয়ে গোটা রাজ্যে একটি সুসংগঠিত দল তৈরি করা হয়। রাজ্যের প্রতিটি জেলা ও বিভাগে দায়িত্ব ভাগ করে দিয়ে বুথ স্তর পর্যন্ত সংগঠনকে সক্রিয় করা হয়েছে।এই উদ্যোগের ফলে বহু নতুন কর্মী ও যুব নেতৃত্ব সামনে এসেছে। স্থানীয় স্তরে নতুন বক্তা তৈরি হয়েছে, যারা মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ করে বিজেপির বার্তা তুলে ধরছেন। আগে যারা সক্রিয় ছিলেন না, তারাও এই কর্মসূচির মাধ্যমে সংগঠনের সঙ্গে যুক্ত হয়েছেন।৫ ডিসেম্বর ২০২৫ থেকে ৩১ জানুয়ারি ২০২৬ পর্যন্ত মোট ১০,০০০ স্ট্রিট কর্নার মিটিংয়ের লক্ষ্য নেওয়া হয়েছিল। তার মধ্যে ইতিমধ্যেই ৮,৩১৫টি মিটিং সফলভাবে সম্পন্ন হয়েছে, যা দলের সংগঠন শক্তির একটি বড় প্রমাণ। আরও কিছু মিটিং প্রযুক্তিগত কারণে নথিভুক্ত না হলেও বাস্তবে তার সংখ্যা আরও বেশি।জনবহুল এলাকা যেমন রেল স্টেশন, মেট্রো, বাজার ও বাসস্ট্যান্ডে এই কর্মসূচি বিশেষভাবে আয়োজন করা হয়েছে, যাতে বেশি সংখ্যক মানুষের কাছে পৌঁছানো যায়। এইভাবে বিজেপির বার্তা এখন রাজ্যের প্রত্যন্ত এলাকা পর্যন্ত পৌঁছে যাচ্ছে।ভারতীয় জনতা পার্টি, পশ্চিমবঙ্গ বিশ্বাস করে, এই ধারাবাহিক জনসংযোগ ও সংগঠন গড়ে তোলার কাজ আগামী দিনে বাংলার পরিবর্তনের ভিত্তি তৈরি করবে।

রাশিফল

মেষঃ জাতক জাতিকাদের জন্য দিনটি নতুন সম্ভাবনা এবং সুযোগে পূর্ণ হবে। আপনার আত্মবিশ্বাস বৃদ্ধি পাবে, যা আপনাকে সমস্যার মুখোমুখি হয়ে আপনার লক্ষ্য অর্জনে সক্ষম করবে। পরিবারের সদস্যদের সঙ্গে সময় কাটালে সম্পর্ক দৃঢ় হবে।
বৃষঃদুর্দশায় থাকা কারোকে সাহায্য করতে আপনার শক্তি ব্যবহার করুন। মনে রাখবেন এই অবিনশ্বর শরীরের থেকেই বা কি লাভ যদি এটা অন্যদের উপকারে লাগানোই না যায়। যে সমস্ত লোকেরা ঋণ নিয়েছিল তারা আজ এই অর্থ ফেরত দিতে সমস্যায় পড়তে পারে।।
মিথুনঃ জাতক জাতিকাদের জন্য দিনটি ইতিবাচক শক্তিতে পূর্ণ হবে। ব্যক্তিগত এবং পেশাগত উভয়.স্তরেই নতুন সম্ভাবনা অন্বেষণ করার জন্য এই সময়টি অনুকূল। নতুন ধারণা এবং পরিকল্পনার জন্য প্রস্তুত থাকুন, কারণ এই দিন আপনার মানসিক ক্ষমতা শীর্ষে থাকবে।
কর্কট রাশি ঃ শারীরিক লাভে বিশেষ করে মানসিক দৃঢ়তার জন্য ধ্যান এবং যোগ করতে শুরু করুন।
সিংহঃ জাতক জাতিকাদের জন্য দিনটি শক্তি এবং উৎসাহে পূর্ণ হবে। আপনি আপনার কর্মক্ষেত্রে সামনে আসার জন্য সঠিক সময় অনুভব করবেন। আপনার পরামর্শ শেয়ার করার জন্য প্রস্তুত থাকুন, কারণ আপনার চারপাশের লোকেরা আপনার কথার প্রতি মনোযোগ দেবে এবং আপনাকে সমর্থন করবে। আপনার বন্ধুত্ব এবং সামাজিক জীবনে ইতিবাচকতা সন্ধান করুন।
কন্যা ঃ আজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। আপনার বাড়ির একজন প্রবীণ আপনার অর্থায়নে আপনাকে সহায়তা করতে পারে বলেই আজ আপনাকে নিজের অর্থ ব্যয় করতে হবে না। বিবাহের যোগ হতে পারে
তুলাঃ রাশির জাতক জাতিকাদের এই দিনটি সম্প্রীতি এবং ভারসাম্যের দিকে নিয়ে যাবে। আপনি আপনার উদ্যোগকে আরও ভাল ভাবে বুঝতে পারবেন, যা আপনার লক্ষ্য সম্পর্কে আপনার চিন্তাভাবনাকে ইতিবাচকতা দেবে। সংসারে শান্তি।
বৃশ্চিকঃমেজাজের গোলমাল একটি বিতর্ক এবং বোঝাপড়ার দিকে এগোতে পারে। আপনি দ্রুত অর্থ উপার্জন করার আকাঙ্ক্ষার অধিকারী হবেন। পরিবারের সদস্যদের সাথে কিছু হালকা মূহূর্ত কাটান। বিদেশ যাত্রা শুভ দিন।
ধনুঃ জাতক জাতিকাদের জন্য দিনটি অনেক ইতিবাচক পরিবর্তনের দিন। আপনার চিন্তাভাবনা এই দিন ইতিবাচক হবে, যা আপনাকে আপনার কাজে নতুন শক্তি এবং উসাহ অনুভব করাবে। আপনার প্রিয় লক্ষ্যগুলিতে মনোনিবেশ করার সময় এটি।
মকরঃ কাজের জায়গায় বরিষ্ঠদের থেকে চাপ এবং ঘরে মতভেদ কিছু চাপ আনতে পারে- যা আপনাকে কাজে মনোনিবেশ করতে উপদ্রব করবে। সন্তান হতে পারে আজ।
কুম্ভঃ জাতক জাতিকাদের মানসিক অবস্থা ভাল হবে এবং আপনারা জীবনে নতুন শক্তি বয়ে আনতে পারেন। আপনার সামাজিক সম্পর্ক এই দিন গুরুত্বপূর্ণ হতে চলেছে। নাভাব উপেক্ষা করা উচিত কারণ এটি শুধু যে আপনার সম্ভাবনা হ্রাস করবে তাই নয়, তার পাশাপাশি শারীরিক সমন্বয়কেও নষ্ট করবে।
মীন ঃহতাশ এবং অবসাদগ্রস্ত হবেন না। আজ আপনার বাড়ির বাইরে যাওয়ার আগে আপনার প্রবীণদের আশীর্বাদ লাভ করুন, এটি আপনার উপকারে আসবে। মেজাজ না সামলাতে পারলে পরিবারের সদস্যদের অনুভূতিতে আঘাত দিয়ে ফেলতে পারেন। প্রেমে ভোগান্তি হবে এবং এমনকি আপনার মূল্যবান দান উপহারও আজকে কোন জাদু করবে

আবহাওয়া

দিনের বেলায় শীতের অনুভূতি আগেই গায়েব হয়েছে। চলতি সপ্তাহে রাতেও শীতের আমেজ ক্রমশ গায়েব হবে বলে পূর্বাভাস আলিপুর আবহাওয়া দফতরের। রাজ্যে আনুষ্ঠানিক ভাবে এবার আগমন হচ্ছে বসন্তের। রাতের সর্বনিম্ন তাপমাত্রা বুধবারের মধ্যে আরও ২ ডিগ্রি সেলসিয়াস বাড়তে পারে।তবে, সোমবারও কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের নীচেই। এদিন মহানগরীর নূন্যতম তাপমাত্রা ছিল ১৬.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২.৪ ডিগ্রি কম। এদিনও ভোরের দিকে মৃদু ঠান্ডা অনুভূত হয়েছে, গ্রাম বাংলায় শীত একটু বেশি ছিল। তবে, বেলা গড়াতেই ঠান্ডা উধাও হয়ে যায়।আপেক্ষিক আর্দ্রতা৮৭ শতকরা এবং ৩৭শতকরা হবে। বৃষ্টিপাত হয়নি

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ১১টা ৫০মিনিট এবং ১১মিনিট ৫২টা ৫৫মনিট। **ভাটা**-দুপুর ০২টা ৫০মনিট এবং রাত ১০টা ৫০মনিট। সূর্যঃউদয় ঃ সকাল ৬টা ১০মিনিটে হতে পারে এবং অস্ত যাবে ৫টা ৩০মিনিটে

কলকাতা

মহানগরের খবর

ভোটের মুখে লাল শিবিরে 'সদস্যপদ ছাড়লেন প্রতীক উর রহমান

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ সামনেই বিধানসভা নির্বাচন, তার আগেই অস্বস্তিতে সিপিএম। সংগঠন গোছানোর সময়ে দলীয় অন্দরে ক্ষোভ, মতবিরোধ এবং বিতর্ক নতুন কিছু নয়, কিন্তু এবার সেই অসন্তোষ প্রকাশ্যে চলে এল এক তরুণ নেতার চিঠিকে ঘিরে। সিপিএমের প্রাথমিক সদস্যপদ ছাড়ার সিদ্ধান্ত জানিয়ে রাজ্য সম্পাদকের উদ্দেশ্যে চিঠি দিয়েছেন দলের পরিচিত তরুণ মুখ প্রতীক উর রহমান। চিঠি প্রকাশ্যে আসতেই রাজনৈতিক মহলে শুরু হয়েছে জোর চর্চা। আলিমুদ্দিন স্ট্রিটের অন্দর থেকে জেলা নেতৃত্ব পর্যন্ত প্রশ্ন উঠছে, ভোটের মুখে এই ঘটনায় দলের বার্তা কী?

কিছুদিন ধরেই সিপিএমের জেলা ও রাজ্য নেতৃত্বের একাংশের কাজকর্ম নিয়ে ক্ষোভ দানা বাঁধছিল বলে দলীয় সূত্রের খবর। বিশেষ করে মহম্মদ সেলিমের সঙ্গে হুমায়য়ুন কবীরের বৈঠক ঘিরে বিতর্কের পর সেই অসন্তোষ আরও প্রকট হয়। কলকাতার একটি পাঁচতারা হোটেলে ওই বৈঠকের খবর সামনে আসতেই তৃণমূল কংগ্রেস ও বিজেপি নেতৃত্ব কটাক্ষে সরব হয়। সিপিএমের নীতি-নৈতিকতা নিয়েও প্রশ্ন তোলা হয় বিভিন্ন মহলে। ঠিক এই আবহেই দলের তরুণ নেতা শতরূপ ঘোষ প্রকাশ্যে মন্তব্য করেছিলেন, ' ঠেকা' কি একা সিপিএম নিয়ে রেখেছে? সেই মন্তব্য ঘিরেও বিতর্কের ঝড় ওঠে। এরপরই সামাজিক মাধ্যমে একটি পোস্ট করেছিলেন প্রতীক উর রহমান। তিনি লেখেন, নীতি-

নৈতিকতা ছাড়া, আর যাই হোক, কমিউনিস্ট পার্টি হয় না। যদিও পোস্টে কারও নাম উল্লেখ করেননি তিনি, তবুও রাজনৈতিক মহলে জল্পনা শুরু হয়, এই মন্তব্য কি শতরূপ ঘোষের বক্তব্যেরই পরোক্ষ জবাব? নাকি বৃহত্তর নেতৃত্বের দিকেই ইঙ্গিত? প্রশ্নের উত্তর মেলেনি, কিন্তু ক্ষোভের সুর স্পষ্ট হয়ে উঠেছিল। প্রতীক উর রহমান সিপিএমের লড়াকু মুখ হিসেবেই পরিচিত। ২০২১ সালের বিধানসভা নির্বাচনে প্রার্থী হয়েছিলেন তিনি। পরবর্তীতে ২০২৪ সালের লোকসভা নির্বাচনে ডায়মন্ড হারবার কেন্দ্রে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বাম প্রার্থী হিসেবে লড়াই করেন। জয় না পেলেও তাঁর প্রচার ও লড়াকু মনোভাব নজর কেড়েছিল রাজনৈতিক মহলে। সেই কারণেই আসন্ন ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে তাঁকে প্রার্থী করা হতে পারে- এমন জল্পনাও চলছিল। কিন্তু তার আগেই সদস্যপদ ছাড়ার সিদ্ধান্ত ঘিরে নতুন সমীকরণ তৈরি হল। রাজ্য সম্পাদকের উদ্দেশ্যে লেখা চিঠিতে প্রতীক উর রহমান জানিয়েছেন, সাম্প্রতিক সময়ে পার্টির জেলা ও রাজ্য নেতৃত্বের কিছু ভাবনা ও কর্মপদ্ধতির সঙ্গে তিনি নিজেকে খাপ খাওয়াতে পারছেন না। মানসিক দ্বন্দ্বের মধ্যেই দিন কাটাতে হচ্ছে বলেও উল্লেখ করেছেন তিনি। এই অবস্থায় পার্টির জেলা ও রাজ্য কমিটির প্রাথমিক সদস্যপদ থেকে অব্যাহতি নেওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছেন চিঠিতে। যদিও সরাসরি কারও নাম নেননি, তবুও রাজনৈতিক মহলে প্রশ্ন উঠেছে, এটি কি মহম্মদ সেলিমের নেতৃত্বের বিরুদ্ধেই প্রতিবাদ? চিঠি প্রকাশ্যে আসার পর তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ সামাজিক মাধ্যমে প্রতিক্রিয়া জানান। তিনি সিপিএম নেতৃত্বের বিরুদ্ধে তীব্র কটাক্ষ করে লেখেন, সিপিএমের বায়োলজিকাল ফেরেব্বাজ নেতৃত্বের অংশ ও ফেসবুকের সভ্যতাহীন ফুটেজ বিপ্লবীদের দাপটে সিপিএমেরই প্রথম সারির যুবনেতাদের অবস্থা ও সিদ্ধান্ত এরকম। SFI শীর্ষনেতা, জেলা নেতা, রাজ্য কমিটির কিছু দায়িত্বে থাকা ও গত লোকসভায় ডায়মন্ডহারবারে সিপিএম প্রার্থী প্রতীক উর। সিপিএমকে সর্বস্তরে ০ তে নামানো সম্পাদক ও তাঁর কিছু অযোগ্য বাতেলাবাজের কাঠিবাজিতে এই সিদ্ধান্ত বলে খবর। চিঠির সত্যতা যাচাই করতে পারিনি। ভুল হলে ডিলিট করে দেব।

ডানকুনিতে ঝালমুড়ি বিক্রেতার মৃত্যু ঘিরে বিতর্ক

নিজস্ব সংবাদদাতা, ডানকুনি, ১৬ ফেব্রুয়ারি ঃ রাত পর্যন্ত দোকান সামলে পরিচিতদের সঙ্গে গল্প করে বাড়ি ফিরেছিলেন তিনি। চায়ের দোকানে বসে চা খেয়েছেন, নাতিদের জন্য চিপ্সের প্যাকেট কিনেছিলেন। সবকিছুই ছিল স্বাভাবিক দিনের মতো। কিন্তু পরের দিন সকালেই মিলল দু ঃসংবাদ। হুগলির ডানকুনিতে বছর ষাটের ঝালমুড়ি বিক্রেতা শেখ আনোয়ারের আকস্মিক মৃত্যু ঘিরে এলাকায় শোকের ছায়া নেমেছে। একই সঙ্গে উঠেছে বিতর্কের ঝড়। পরিবার ও প্রতিবেশীদের একাংশের অভিযোগ, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর প্রক্রিয়ার চাপেই ভেঙে পড়েছিলেন আনোয়ার। ডানকুনি পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের বাসিন্দা আনোয়ার দীর্ঘদিন ধরে এলাকায় ঝালমুড়ির ছোট্ট দোকান চালাতেন। সেই দোকানই ছিল তাঁর সংসারের একমাত্র ভরসা। স্থানীয়দের দাবি, সাম্প্রতিক সময়ে ভোটার তালিকা সংশোধন সংক্রান্ত শুনানির জন্য তাঁকে চার বার ডাকা হয়েছিল। প্রতিবারই নির্দিষ্ট নথিপত্র জমা দিয়েছেন বলে পরিবারের বক্তব্য। তবুও সমস্যার সমাধান হচ্ছিল না। কী ভুল হচ্ছে তা বুঝে উঠতে পারছিলেন না তিনি। এই অনিশ্চয়তা এবং বারবার শুনানিতে হাজিরার চাপ তাঁকে মানসিকভাবে বিপর্যস্ত করে তুলেছিল বলে দাবি ঘনিষ্ঠদের। আনোয়ারের দোকানের পাশেই চায়ের দোকান চালান শেখ সামসুদ্দিন। তিনি জানান, মৃত্যুর আগের রাতেও আনোয়ার স্বাভাবিকভাবেই দোকান গুটিয়ে তাঁর কাছে এসেছিলেন। চা খেয়েছেন, গল্প করেছেন, নাতিদের জন্য চিপ্স কিনেছেন। কথাবার্তার ফাঁকে তিনি জানতে চেয়েছিলেন, এসআইআর সংক্রান্ত শুনানিতে সব নথি জমা দেওয়া হয়েছে কি না। আনোয়ার নাকি বলেছিলেন, সব জমা দিয়েছেন। কিন্তু এক জন সাধারণ মানুষকে চার বার শুনানিতে ডাকা হলে তাঁর দুশ্চিন্তা হওয়াই স্বাভাবিক- এমনটাই মত সামসুদ্দিনের। সকালে ঘুম থেকে উঠে আনোয়ারের মৃত্যুসংবাদ শুনে তিনি স্তম্ভিত হয়ে যান। স্থানীয় আর এক বাসিন্দা শেখ সইফুদ্দিন জানান, রবিবার সন্ধ্যায় তিনি আনোয়ারের কাছ থেকে ঝালমুড়ি কিনেছিলেন। তখনও তাঁকে স্বাভাবিক দেখাচ্ছিল। কিছুক্ষণ পর চায়ের দোকানে বসে থাকতে দেখেন।

এসআইআর নথি ৫ বছর সংরক্ষণে কড়া নির্দেশ, গাফিলতিতে শাস্তির হুঁশিয়ারি নির্বাচন কমিশনের

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃএসআইআর প্রক্রিয়া ঘিরে কড়া অবস্থান নিল নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার নির্দেশ দিয়েছেন, এসআইআর সংক্রান্ত সমস্ত নথি আগামী পাঁচ বছর কমিশনের তথ্যভাণ্ডারে সংরক্ষিত রাখতে হবে। ভবিষ্যতে ভোটার তালিকায় কোনও বিদেশি নাম ধরা পড়লে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে সরাসরি শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলেও স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে। শুক্রবার জেলাশাসকদের সঙ্গে বৈঠকে কমিশনের তরফে জানানো হয়, এসআইআর প্রক্রিয়ায় নেওয়া প্রতিটি সিদ্ধান্ত দীর্ঘমেয়াদে সংরক্ষিত থাকবে। এক বা দু'বছর নয়, বহু বছর পরেও সেই নথি খতিয়ে দেখা হতে পারে। ফলে দায়িত্বপ্রাপ্ত ডিএম, ইআরও ও এইআরওদের সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে আরও অভিযোগ ওঠে, একাধিক জায়গায় সংবাদপত্রের কাটিং, ফাঁকা পাতা কিংবা অস্পষ্ট ছবি নথি হিসেবে আপলোড করা হয়েছে। পাওয়ার পয়েঃট প্রেজেন্টেশনের মাধ্যমে সেই উদাহরণগুলি দেখিয়ে কমিশন প্রশ্ন তোলে-এই ধরনের নথি কীভাবে গ্রহণ করা হল? কারা তা যাচাই করলেন? সংশ্লিষ্ট জেলাশাসকদের ভূমিকা নিয়েও কড়া সমালোচনা করা হয়। ডিএমদের স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে, কেবলমাত্র নির্বাচন কমিশন এবং সুপ্রিম কোর্ট অফ ইন্ডিয়া অনুমোদিত নথিই যেন গ্রহণ করা হয়। ১৬ ফেব্রুয়ারি বিকেল ৫টার মধ্যে সমস্ত নথি ব্যক্তিগতভাবে যাচাই করে রিপোর্ট জমা দিতে হবে ডিইওদের। সময়সীমা পেরোনোর পরও যদি কোনও অগ্রহণযোগ্য নথি সিস্টেমে থেকে যায়, তার দায় সংশ্লিষ্ট ডিএমকেই নিতে হবে- এমনই হুঁশিয়ারি দেওয়া হয়েছে। আইটি টিমকেও নির্দেশ দেওয়া হয়েছে নির্দিষ্ট সময়ের পর সিস্টেমে কোনও ত্রুটিপূর্ণ নথি রয়ে গিয়েছে কিনা তা পরীক্ষা করতে।

পাশাপাশি পর্যবেক্ষকদের বলা হয়েছে, ইআরও, এইআরও বা ডিইওদের যে কোনও বেনিয়ম সরাসরি কমিশনের নজরে আনতে। কমিশন সূত্রে খবর, কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের ডিএমদের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ উঠেছে। পূর্ব বর্ধমানের জেলাশাসককে রাজনৈতিক মন্তব্য থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হয়েছে বলেও জানা গিয়েছে। এই কড়া অবস্থানের জেরে রাজনৈতিক মহলেও প্রতিক্রিয়া শুরু হয়েছে। বিরোধী শিবিরের অভিযোগ, প্রশাসনিক আধিকারিকদের উপর অতিরিক্ত চাপ সৃষ্টি করছে কমিশন। তবে কমিশনের দাবি, ভোটার তালিকার স্বচ্ছতা ও নির্ভুলতা নিশ্চিত করতেই এই কঠোর পদক্ষেপ।

সিঙ্গাপুরগামী জাহাজ থেকে ঝাঁপ, ১৭ ঘণ্টা পর গঙ্গা থেকে উদ্ধার শ্রীলঙ্কান ক্রু সদস্যের দেহ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ প্রায় সতেরো ঘণ্টা তল্লাশির পর অবশেষে গঙ্গা থেকে উদ্ধার হল সিঙ্গাপুরগামী একটি কন্টেনার জাহাজের ক্রু সদস্যের দেহ। শুক্রবার বিকেলে কলকাতা পুলিশের বিপর্যয় মোকাবিলা বাহিনী দেহটি উদ্ধার করে। পরে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছা।য়িছে বঃদর এলাকায়। বন্দর সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে বাংলাদেশের চট্টগ্রাম থেকে সিঙ্গাপুরের উদ্দেশে রওনা দেওয়া একটি কন্টেনার ভেসেল থেকে এক ক্রু সদস্য গঙ্গায় ঝাঁপ দেন। ঘটনাটি ঘটে ওয়েস্ট পোর্টের ৭ নম্বর এন এস ডকে। জাহাজটির নাম ' দুনিয়া'। ঝাঁপ দেওয়া ওই ক্রু সদস্যের নাম প্রভাশ্বরা থারিদু বন্দারাওয়াট্টে। তিনি শ্রীলঙ্কার বাসিন্দা বলে জানা গিয়েছে।

জাহাজের অন্য সদস্যরা ঘটনাটি প্রত্যক্ষ করেন এবং সঙ্গে সঙ্গে ক্যাপ্টেনকে বিষয়টি জানান। ক্যাপ্টেন দ্রুত পোর্ট ট্রাফিক বিভাগের সঙ্গে যোগাযোগ করেন। রাত প্রায় ১১টা নাগাদ ওয়েস্ট পোর্ট থানায় খবর পৌঁছয় যে, সিঙ্গাপুরগামী একটি ভেসেল থেকে এক ব্যক্তি গঙ্গায় ঝাঁপ দিয়েছেন। খবর পেয়েই সক্রিয় হয় বন্দর কর্তৃপক্ষ ও পুলিশ প্রশাসন। প্রথমে পোর্ট মেরিন বিভাগের দু'টি নৌকা নামানো হয় নদীতে। অন্ধকার রাতেই শুরু হয় তল্লাশি। একই সঙ্গে কলকাতা পুলিশের বিপর্যয় মোকাবিলা দলকেও খবর দেওয়া হয়। জোয়ার-ভাটার স্রোত ও নদীর গভীরতা তল্লাশিতে বাধা সৃষ্টি করছিল বলে জানা গিয়েছে। তবু রাতভর চলতে থাকে অনুসন্ধান। তবে বৃহস্পতিবার রাতে কোনও সাফল্য মেলেনি। শুক্রবার সকাল থেকে ফের শুরু হয় তল্লাশি অভিযান। নদীর বিভিন্ন অংশে নজরদারি চালানো হয়। অবশেষে শুক্রবার বিকেলে গঙ্গায় ভেসে ওঠে ওই ক্রু সদস্যের দেহ। দ্রুত তা উদ্ধার করে তীরে আনা হয়। প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, জলে ডুবে মৃত্যু হয়েছে তাঁর। যদিও মৃত্যুর সঠিক কারণ জানতে দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। কেন তিনি জাহাজ থেকে ঝাঁপ দিয়েছিলেন, তা এখনও স্পষ্ট নয়। মানসিক অবসাদ, দুর্ঘটনা না অন্য কোনও কারণ-সব দিকই খতিয়ে দেখছে পুলিশ ও বঃদর কর্তৃপক্ষ। জাহাজের অন্যান্য ক্রু সদস্যদেরও জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে সূত্রের খবর।এদিকে একই দিনে আহিরীটোলা এলাকায় গঙ্গায় এক ব্যক্তি তলিয়ে যাওয়ার খবরও পাওয়া গিয়েছে। তাঁর খোঁজে পৃথকভাবে তল্লাশি চালানো হচ্ছে। ফলে একদিনে গঙ্গায় দুই পৃথক ঘটনার জেরে প্রশাসনের তপরতা ছিল চোখে প।ার মতো। বঃদর ও নদীপথে নিরাপত্তা নিয়ে নতুন করে প্রশ্ন উঠতে শুরু করেছে এই ঘটনার পর। বিশেষত আন্তর্জাতিক রুটে চলাচলকারী জাহাজে কর্মরত ক্রু সদস্যদের মানসিক ও শারীরিক সুস্থতা নিয়ে নজরদারি কতটা জোরদার, তা নিয়েও আলোচনা শুরু হয়েছে সংশ্লিষ্ট মহলে। আপাতত ময়নাতদন্তের রিপোর্টের অপেক্ষায় রয়েছে পুলিশ। তার পরই পরবর্তী আইনি পদক্ষেপ করা হবে বলে জানা গিয়েছে।

'ভুল' চিকিৎসায় রোগী মৃত্যুর অভিযোগ

নেতারা, আজ তাঁকেই নিয়ে দানা বাঁধছে সংশয়। আসন্ন বিধানসভা নির্বাচনের আগে প্রার্থী বাছাই ঘিরে মালদার কংগ্রেস শিবিরে শুরু হয়েছে জোর কানাঘুষো। একটি আসনে লড়ে হারার ঝুঁকি এড়াতে তাঁকে কি জোড়া আসনে প্রার্থী করা হবে? এমন ভাবনাই নাকি জেলা কংগ্রেস কমিটির তরফে প্রদেশ নেতৃত্বের কাছে পাঠানো হয়েছে বলে দলীয় সূত্রে খবর। প্রদেশ কংগ্রেস এবং দিল্লির হাইকমান্ডের চূড়ান্ত অনুমোদন মিললেই মালদার সুজাপুর ও মালতিপুর- এই দুই বিধানসভা কেন্দ্র থেকেই প্রার্থী হতে পারেন প্রাক্তন সাংসদ মৌসম বেনজির নুর। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, এই প্রস্তাবের নেপথ্যে রয়েছে গভীর অনিশ্চয়তা। কংগ্রেস ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগদান, তারপর আবার কংগ্রেসে প্রত্যাবর্তন- পরপর দলবদলের ঘটনায় সাধারণ ভোটারদের একাংশের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হয়েছে। নিচুতলার কর্মীদের মধ্যেও ক্ষোভ ও অস্বস্তি রয়েছে বলে জানা যাচ্ছে। দলবদলের এই ইতিহাস মৌসমের রাজনৈতিক ভাবমূর্তিকে কতটা প্রভাবিত করেছে, তা নিয়েই এখন প্রশ্ন উঠছে জেলা কংগ্রেসের অন্দরে। প্রয়াত এবিএ গনি খান চৌধুরির ভাগ্নী হিসেবে একসময় যাঁর রাজনৈতিক পরিচিতি ছিল উজ্জ্বল, সেই মৌসমকেই এখন ঘিরে সংশয়ের মেঘ। মালদায় কংগ্রেসের সংগঠনগত দুর্বলতা নতুন নয়। বরকত গনি খান চৌধুরির সময়ে যে সংগঠন শক্ত ভিতের উপর দাঁড়িয়েছিল, গত কয়েক বছরে তা অনেকটাই ক্ষয়প্রাপ্ত। বামেদের সঙ্গে জোট না থাকায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। রাজনৈতিক মহলের একাংশের মতে, সিপিএম পাশে থাকলে হয়তো কিছু বামপন্থী ভোট কংগ্রেসের ঝুলিতে আসতে পারত। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে 'হাত' শিবির কার্যত একলা লড়াইয়ের পথে। সেই অবস্থায় প্রার্থীদের জামানত রক্ষা করাই বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে বলেও আশঙ্কা। জেলার মোট ১২টি বিধানসভা আসনের একটিও কংগ্রেসের জন্য নিশ্চিত নয় বলে মনে করেন রাজনৈতিক বিশ্লেষকরা। এই অনিশ্চয়তা শুধু বিরোধীদের মূল্যায়ন নয়, গনি পরিবারের অন্দরেও নাকি একই শঙ্কা কাজ করছে। জেলার রাজনীতিতে গনি পরিবারের প্রভাব এখনও অস্বীকার করা যায় না। সাংসদ ইশা খান চৌধুরী, যিনি বর্তমানে জেলা কংগ্রেস সভাপতির দায়িত্বও সামলাচ্ছেন, তিনিই নাকি মৌসমকে দলে ফিরিয়ে এনে তাঁর কাঁধে ভর করে সংগঠনে নতুন গতি আনতে চেয়েছিলেন। কিন্তু সেই কৌশল কতটা ফলপ্রসূ হবে, তা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে। এবারের নির্বাচনে এসআইআর ইস্যু যে বড় ভূমিকা নিতে চলেছে, তা স্পষ্ট। এই আবহে তৃণমূল ও বিজেপি যখন সম্মুখসমরে নেমে পড়েছে, তখন কংগ্রেসের শীর্ষ নেতৃত্বকে সেভাবে মাঠে সক্রিয় দেখা যাচ্ছে না- এমনই মত রাজনৈতিক মহলের। ফলে ভোটের ময়দানে নিজেদের অবস্থান স্পষ্ট করতে বেগ পেতে হচ্ছে কি না, সেই প্রশ্নও উঠছে। এই পরিস্থিতিতে মৌসমকে জোড়া আসনে প্রার্থী করার প্রস্তাব কার্যত কংগ্রেসের আত্মবিশ্বাসের ঘাটতিকেই সামনে এনে দিচ্ছে বলে মনে করছেন অভিজ্ঞ মহল। একটি আসনে জয় নিয়ে সংশয় থাকলে দু'টি আসনে লড়াই করে অন্তত একটি আসন নিশ্চিত করার কৌশল- এমন ভাবনাই কি জেলা নেতৃত্বকে এই প্রস্তাব দিতে প্ররোচিত করেছে? যদিও এই বিষয়ে প্রকাশ্যে কোনও মন্তব্য করেননি সাংসদ ইশা খান চৌধুরী। জেলা কংগ্রেস সূত্রে খবর, ইতিমধ্যেই সম্ভাব্য প্রার্থীদের একটি তালিকা প্রদেশ নেতৃত্বের কাছে পাঠানো হয়েছে এবং তাতেই মৌসমের নাম দু'টি কেন্দ্রের জন্য সুপারিশ করা হয়েছে। তবে প্রশ্ন থেকেই যাচ্ছে - ভোটাররা কী ভাবছেন? দলবদলের পর মৌসম কি আবার আগের মতো গ্রহণযোগ্যতা ফিরে পেয়েছেন? নাকি রাজনৈতিক অস্থিরতার ছাপ তাঁর ইমেজে স্থায়ী দাগ কেটেছে? মালদার কোতোয়ালি বাড়ির অন্দর থেকে শুরু করে চায়ের দোকানের আড্ডা- সর্বত্রই এখন এই আলোচনা।

ধান উৎপাদনে বাঁকুড়া এবছর রাজ্যের শীর্ষস্থানে

কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ ধান উৎপাদনের নিরিখে বাঁকুড়া এবছর রাজ্যের শীর্ষস্থানে উঠে এসেছে। দীর্ঘদিন ধরে বাংলার 'ধানের ভাণ্ডার' হিসেবে পরিচিত পূর্ব বর্ধমানকে পিছনে ফেলে এই সাফল্য অর্জন করেছে ওই জেলা। কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, এ বছর বাঁকুড়ায় ধানচাষের আওতা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। মোট প্রায় ৩.৮ লক্ষ হেক্টর জমিতে ধানচাষ হয়েছে। গড় ফলন হয়েছে প্রতি হেক্টরে প্রায় ৫ টন। ধান উৎপাদনের ক্ষেত্রে এতদিন পূর্ব বর্ধমান ছাড়াও মুর্শিদাবাদ, নদীয়া, হুগলি, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর জেলাগুলি রাজ্যে অগ্রগণ্য ছিল। সেই তালিকায় এ বার গুরুত্বপূর্ণ স্থান করে নিল বাঁকুড়া।

উত্তরের নদীগুলিতে জলধারণ ক্ষমতা বাড়াতে সেচ দপ্তরের উদ্যোগ

কলকাতা, ১৬ ফেব্রুয়ারি ঃ উত্তরবঙ্গের নদীগুলির জলধারণ ক্ষমতা বাড়াতে সেচ দপ্তর নতুন মডেলে রাজ্যের কোষাগার থেকে কোনও খরচ না করিয়েই পলি তোলার কাজ শুরু করতে চলেছে। সেচমন্ত্রী মানস ভূঁইয়া জানান, এই 'নো কস্ট' মডেলে বনাঞ্চলের বাইরে মোট ১১৪.৭৬ কিলোমিটার নদীপথে বর্ষার আগেই ড্রেজিং করা হবে। বর্ষার পরে আরও ২৪.৩৫ কিলোমিটার নদীপথে পুনরুজ্জীবনের কাজ হবে। পাশাপাশি বন দপ্তরের তরফে ৭৮.০৩ কিলোমিটার নদীপথে ড্রেজিংয়ের দায়িত্ব নেওয়া হবে। এর সঙ্গে ভাঙনপ্রবণ নদীতীর ধরে মোট ১৩৬ কিলোমিটার এলাকায় গাছ লাগানো হবে। দ্বিতীয় পর্যায়ে বর্ষার পরে আরও ৬৩ কিলোমিটার এলাকায় বৃক্ষরোপণ করা হবে। গত বছরের ৪ ও ৫ অক্টোবর প্রবল বৃষ্টিতে ভুটান থেকে নেমে আসা আন্তঃসীমান্ত নদীগুলিতে হড়পা বানের জেরে উত্তরবঙ্গের একাধিক জেলায় বাঁধ ভাঙন ও ক্ষয়ক্ষতির ঘটনার পরই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

Tender Reference No:- BAGHAR-II GP/15TH FC UNTIED/312 Date:-16/02/2026
Online Tender is invited from the experienced and resourceful bidders for execution of REPAIRING OF ICDS BUILDING at 2 (Two) different places. NAME OF FUND: 15TH FC UNTIED. Bid submission end date 23/02/2026 upto 18.00 P.M. Bid Opening Date (Technical) 27/02/2026 at 09.00 A.M. For details please visit website: https://wbtenders.gov.in.
Sd/- Pradhan
Baghar-II Gram Panchayat
Baghar * Purba-Bardhaman

Notice Inviting Tender No WBPHE/EE/28/HUG/2025 -26/ISAL E SWAB-2026
E-Tender is invited by the Executive Engineer, Hooghly Division, PHE Dte for Holy programime of ISAL-E-SWAB 2026 Bid submission Closing Date 26.02.2026 up to 03.00 pm. For Details, corrigendum/addendum, participating contact undersigned office
Sd/-
Executive Engineer
Hooghly Division, PHE Dte.

e – Tender Notice
e- Tender are invited for works as follows:
1. Name of work:- Annual maintenance work related with High Mast Lighting System installed at Santragachi Bus Terminus under HRBC for 12-Months.
Tender ID - 2026_HRBC_1007832_1
e-NIT No. HRBC/JPM(E)/NIT/18/25-26
2. Name of work:- Urgent replacement of damaged electrical cable and necessary E.I work at exit point -2 of Toll plaza under HRBC.
Tender ID - 2026_HRBC_1007916_1
e-NIT No. HRBC/JPM(E)/NIT/19/25-26
Last date of submission of bid (online) is **24.02.2026** up to 10.00 AM.
Other details may be seen from the website:https://wbtenders.gov.in.
Joint Project Manager (Electrical)
HRBC

NARUGRAM GRAM PANCHAYAT
(Raina-I Panchayat Samity)
NOTICE INVITING e-TENDER No.:: WB/BWN/RAINA-1/NGP/ 2025-26/09 1st Call
E-Tender are invited by the Prodhan, Narugram Gram Panchayat Raina-I Panchayat Samity,for **Cons. of Plastic Bitumenus Road**. **TENDER ID – 2026_ZPHD_1007175_1**. For details please visit website **https://wbtenders.gov.in**
Sd/- Prodhan
Narugram Gram Panchayat

TARAKESWAR MUNICIPALITY
CORRIGENDUM E-TENDER NOTICE
The Chairman, Tarakeswar Municipality invites of e-tender of the following tender ID of SBM works under Tarakeswar Municipality :
Construction of CT-PT under SBM of Tarakeswar Municipality

Sl. No.	Tender for	e-Bid submission end date	Technical Bid Opening date
1	2026_MAD_994710_5	23.02.26	25.02.26
2	2026_MAD_994710_6	23.02.26	25.02.26
3	2026_MAD_994710_9	23.02.26	25.02.26
4	2026_MAD_994710_10	23.02.26	25.02.26
5	2026_MAD_994710_11	23.02.26	25.02.26
6	2026_MAD_994710_12	23.02.26	25.02.26
7	2026_MAD_994710_14	23.02.26	25.02.26
8	2026_MAD_994710_17	23.02.26	25.02.26
9	2026_MAD_994710_18	23.02.26	25.02.26
10	2026_MAD_994710_19	23.02.26	25.02.26

Details information will be available from the website-
http://wbetenders.gov.in
Sd/- **Chairman,**
Tarakeswar Municipality

জনতা উন্নয়ন পার্টির জেলা কার্যকর্তা গঠন

নিজস্ব প্রতিনিধি, রামপুরহাট, ১৬ ফেব্রুয়ারি ঃ জনতা উন্নয়ন পার্টির কার্যালয়ে জেলা কার্যকর্তা গঠন অনুষ্ঠিত হলো সোমবার। এদিন উপস্থিত ছিলেন দলের জেলা সভাপতি অধ্যাপক সেখ কলিমুদ্দিন, কলকাতা থেকে আগত রওসন সেখ সহ অন্যান্য নেতৃত্ব উপস্থিত ছিলেন। এদিন মূলত জেলার বিভিন্ন ব্লক ভিত্তিক কার্যকর্তাদের নাম ঘোষণা করা হয়। সাংবাদিক বৈঠক করে জেলা সভাপতি সেখ কলিমুদ্দিন বলেন, জনতা উন্নয়ন পার্টির মধ্যে হিন্দু, মুসলিম সহ সকল সম্প্রদায়ের মানুষ যুক্ত। এটি একটি ধর্ম নিরপেক্ষ দল। যাদের মূল লক্ষ্য পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষের অধিকার আদায় করে নেওয়া। দলের সর্বোচ্চ নেতা হুমায়ুন কবির বেলডাঙায় বাবরি মসজিদ গড়ছেন। এটা কোন সরকারি অর্থে তৈরি হচ্ছে না। বাবরি মসজিদ কেন তৈরি করতে চাইলেন হুমায়ুন কবির সাহেব? এর উত্তর সবার জানা। বাবরি মসজিদ নিয়ে সমগ্র মুসলিম সমাজের একটা আবেগ জড়িয়ে আছে। এর সঙ্গে কোন রাজনীতির সম্পর্ক নেই। মুখ্যমন্ত্রী যদি, দীঘায় জগন্নাথ মন্দির তৈরি করতে পারেন, কলকাতায় দুর্গা মন্দির তৈরি করতে পারেন, আবার কোন জায়গায় মহাকাল মন্দির তৈরি করতে পারেন, তাহলে মসজিদ তৈরি করতে দোষ কোথায়। রাম মন্দির তৈরি হয়ে গেল, অথচ বাবরি মসজিদ তৈরি হলো না। সেকারণেই আমাদের সর্বোচ্চ নেতার এই প্রচেষ্টা। এছাড়াও, ওয়াকফ আইন, এস আই আর, ওবিসি এ সহ বিভিন্ন আইন প্রনোয়নে জটিলতার মাধ্যমে মুসলিম সমাজকে টার্গেট করা হয়েছে। স্পিকারের ইমপিচমেন্ট প্রসেসে কারা কারা বিজেপির মতো সাম্প্রদায়িক দলের পাশে দাঁড়িয়েছে আমরা দেখেছি। আমাদের আন্দোলন জারি থাকবে। আমাদের দলের সঙ্গে আই এস এফ, সিপিএম এবং মিম পার্টির সঙ্গে কথা হয়েছে। আগামী বিধানসভায় আমাদের ১২ জোটের দল রাজ্যের ২৯৪ টি আসনে প্রার্থী দাঁড় করাবে এবং তাদের মুখ্যমন্ত্রী প্রার্থী হবেন হুমায়ুন কবির।

প্যাঙ্গোলিনের আঁশ সহ গ্রেপ্তার ৩

নিজস্ব প্রতিনিধি, আলিপুরদুয়ার, ১৬ ফেব্রুয়ারি ঃ মেঘালয় থেকে প্যাঙ্গোলিনের আঁশ নিয়ে এসে জমিয়ে রাখার কাজ চলছিল বহুদিন ধরে। আন্তর্জাতিক পাচারের ছক কষেছিল পাচারকারীরা। তবে বন দফতরের অভিযানে সবটা ভেস্তে গেল। প্যাঙ্গোলিনের আঁশ-সহ জলদাপাড়া বন বিভাগের কর্মীদের জালে তিনজন। প্যাঙ্গোলিনের আঁশযুক্ত শরীর ও মৎস্যাকৃতি গঠনের হয়। এরা বিপদের আভাস পেলে নিজের শরীর গুটিয়ে নেয়। সাধারণত এরা পিঁপড়ে খেয়ে জীবনধারণ করে। একটি প্যাঙ্গোলিনের আঁশ পাচারকারী চক্রের খোঁজ পেয়ে অভিযানে নামে বন দফতর। রবিবার রাতে হাতেনাতে তিনজনকে পাকড়াও করে বনকর্মীরা। গোপন তথ্যের ভিত্তিতে, রেঞ্জ অফিসার রাজীব চক্রবর্তীর নেতৃত্বে জলদাপাড়া বন্যপ্রাণী বিভাগের দক্ষিণ রেঞ্জ এই অভিযান চালায়। রবিবার রাতে আলিপুরদুয়ারের সোনাপুর-জয়গাঁ রোড থেকে তিনজনকে গ্রেফতার করে বন কর্মীরা। অভিযুক্তদের বিরুদ্ধে বন্যপ্রাণী (সুরক্ষা) আইন, ১৯৭২ (সংশোধন ২০২২) এর অধীনে প্যাঙ্গোলিন আঁশ অবৈধভাবে রাখার অভিযোগ দায়ের করা হয়েছে। মোট ১.৭১০ কেজি প্যাঙ্গোলিন আঁশ বাজেয়াপ্ত করা হয়েছে। অসমের একজন এবং কোচবিহারের দুজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের নাম শাহজাহান আলি, সুরজিত দাস, মুকুল রহমান। প্রাথমিক তদন্তে জানা গেছে, আঁশ মেঘালয় থেকে সংগ্রহ করা হয়েছে। এগুলি ভুটান বা নেপালে পাচারের ছক কষা হয়েছিল। অভিযুক্তদের সোমবার আদালতে তোলা হয়।

শিবরাত্রিতে ভক্তিস্রোতে ভাসল জল্পেশ মন্দির! অসম-নেপাল থেকেও ভক্তের সমাগম

নিজস্ব প্রতিনিধি, জলপাইগুড়ি, ১৬ ফেব্রুয়ারি ঃ কড়া নিরাপত্তার চাদরে মোড়া জল্পেশ মন্দিরে। রেকর্ড সংখ্যক ভিড় মহাশিবরাত্রিতে। উৎসবে জমজমাট মন্দির প্রাঙ্গণ। মহাশিবরাত্রিতে ভক্তিস্রোতে মেতে উঠেছে

জলপাইগুড়ির জল্পেশ মন্দির। শিবরাত্রি উপলক্ষ্যে উত্তর-পূর্ব ভারতের অন্যতম প্রাচীন ও ঐতিহ্যবাহী শৈবধাম জল্পেশ মন্দিরে সোমবার সকাল থেকেই উপচে পড়ছে ভক্তদের ভিড়। ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গেই দূরদূরান্ত থেকে আসা পুণ্যার্থীদের ঢলে মুখরিত মন্দির চত্বর। জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি ব্লকে অবস্থিত এই প্রাচীন শিবতীর্থে মহাশিবরাত্রি মানেই ভক্তি, নিষ্ঠা আর আবেগের এক অনন্য মিলন। সকাল থেকেই শিবলিঙ্গে জল ঢালতে ও পুজো দিতে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে রয়েছেন পুণ্যার্থীরা। ধৈর্য আর বিশ্বাসে ভর করে একে একে তাঁরা প্রবেশ করছেন গর্ভগৃহে। প্রশাসন সূত্রে দাবি, এ বছর ভিড়ের সংখ্যা আগের সব রেকর্ড ছাপিয়ে যেতে পারে। প্রতিবছরের মতো এ বছরও উত্তরবঙ্গের বিভিন্ন জেলা ছাড়াও পার্শ্ববর্তী রাজ্য অসম এবং প্রতিবেশী দেশ নেপাল থেকেও ভক্তরা আসেন মহাদেবের মাথায় জল ঢালতে। মহাশিবরাত্রিকে কেন্দ্র করে শুরু হয়েছে দশ দিনব্যাপী জল্পেশ মেলা। ভক্তিমূলক পরিবেশনা। শিবরাত্রি উপলক্ষ্যে রঙিন আলোয় সাজিয়ে তোলা হয়েছে গোটা মন্দির এলাকা। নিরাপত্তার দিকটিও বিশেষভাবে নজরে রাখা হয়েছে। পুলিশ প্রশাসনের পাশাপাশি মোতায়েন রয়েছে ভলান্টিয়ার ও সিভিল ডিফেন্স কর্মীরা। সিসিটিভি ক্যামেরার মাধ্যমে চলছে সার্বক্ষণিক নজরদারি। উল্লেখ্য, জল্পেশ মন্দির সারা বছরই শিবভক্তদের কাছে এক আকর্ষণের কেন্দ্র। বিশেষ করে শ্রাবণ মাসে এখানে ভক্তসমাগম চোখে পড়ার মতো। মহাশিবরাত্রির দিনে সেই ভক্তিস্রোত যেন আরও গভীর, আরও আবেগময় যা জল্পেশকে এক জীবন্ত আধ্যাত্মিক অভিজ্ঞতায় পরিণত করে।

হাওড়ার দীপাঞ্চলবাসীদের স্বপ্ন পূরণ হতে চলেছে

অভিজিত হাজরা, হাওড়া, ১৬ ফেব্রুয়ারি ঃ দীর্ঘদিন ধরেই কংক্রিটের সেতুর স্বপ্ন দেখছিলেন হাওড়ার দ্বীপাঞ্চলবাসীরা। স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য রাজ্যের প্রশাসনিক দপ্তর গুলিতে আবেদন জানিয়ে আসছিলেন দীপাঞ্চলবাসীরা। প্রতি বৎসর দীপাঞ্চলের বাসিন্দারা বন্যার কবলে পড়ে। এলাকাবাসীদের কংক্রিটের সেতু নির্মাণের স্বপ্ন এবার বাস্তবায়িত হচ্ছে। মূল ভূখণ্ডের সঙ্গে দ্বীপাঞ্চলকে যুক্ত করার জন্য কংক্রিটের সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। ইতিমধ্যেই দীপাঞ্চলের দিকে ওই ব্রীজের স্লাব লাগানোর কাজ শেষ হয়েছে। সেতু নির্মাণের কাজ দ্রুতগতিতে চলছে। দ্বীপাঞ্চলবাসীরা বলছেন, 'সেতু নির্মাণের জন্য যেভাবে দ্রুতগতিতে কাজ হচ্ছে, তাতে করে মূল ভূখণ্ডের সঙ্গে যোগাযোগের জন্য আর বেশিদিন অপেক্ষা করতে হবে না'। এতদিন দ্বীপাঞ্চল এলাকাবাসীরা মূল ভূখণ্ডের সঙ্গে যোগাযোগ করার জন্য নৌকার উপর নির্ভরশীল ছিল। নৌকার জন্য অপেক্ষা করতে হত দীর্ঘক্ষণ। এবার আর নৌকার উপর নির্ভরশীল থেকে নৌকার জন্য অপেক্ষা করতে হবে না বলে দ্বীপাঞ্চল বাসীদের আশা। গ্রামীণ হাওড়া জেলার শেষপ্রান্ত জয়পুর থানা এবং আমতা ২ নং ব্লক তথা আমতা বিধানসভা কেন্দ্রে ভাটোরা এবং ঘোড়াবেড়িয়া - চিৎনান এই দু'টি গ্রাম পঞ্চায়েত অবস্থিত। আর এই দু'টি গ্রাম পঞ্চায়েত এলাকা রূপনারায়ণ নদ, মুন্ডেশ্বরী নদী এবং হুড়হুড়িয়া খাল দ্বারা বেষ্টিত। এই দু'টি গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রায় ৭০ হাজার মানুষের বসবাস। হুগলি এবং পশ্চিম মেদিনীপুর জেলার সঙ্গে এই দ্বীপাঞ্চল থেকে নদী পেরিয়ে অল্প সময়ের ব্যবধানে যোগাযোগ করা যায়। ভাটোরা এবং ঘোড়াবেড়িয়া - চিৎনান এই দু'টি পঞ্চায়েতের সঙ্গে মূল ভূখণ্ড কুলিয়া - কে যুক্ত করার জন্য এলাকার বাসিন্দারা বহুদিন ধরেই কংক্রিটের সেতু নির্মাণের জন্য

প্রশাসনিক দপ্তর গুলিতে আবেদন করে আসছিলেন। সেতু নির্মাণের কাজ শুরু হলেও এই সেতু নির্মাণের নিয়ে রাজনৈতিক বিতর্ক তুঙ্গে উঠেছে। স্বাধীনতার পর কংগ্রেস আমলে, পরবর্তী সময়ে বাম আমলে ও নির্বাচনের প্রাক্কালে সেতু নির্মাণের আশ্বাস বারংবার দিয়ে ভোট বৈতরণী পার হয়েছেন। নির্বাচন শেষ প্রতিশ্রুতি ঠান্ডা ঘরে। বামফ্রন্ট আমলে ও ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন থেকে শুরু করে বিধানসভা নির্বাচন, লোকসভা নির্বাচনের আগে দ্বীপাঞ্চল বাসীদের সেতু নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছেন। নির্বাচন শেষ। যেমন পরিস্থিতি ছিল তাইই থেকে যায়। অবস্থার কোনো পরিবর্তন হয়নি। দ্বীপাঞ্চল বাসীদের ভুলিয়ে রাখার জন্য একাধিকবার সেতুর শিলান্যাস হয়েছে। কিন্তু শিলান্যাসের শীল পোঁতা হয়েছে। তারপর একটি ও ইঁট পড়েনি। ২০১১ সালে ৩৪ বছরের রাজত্বে থাকা বামফ্রন্টকে পরাস্ত করে তৃণমূল কংগ্রেস রাজ্যের ক্ষমতায় আসীন হয়। ক্ষমতায় আসার পর তৃণমূল কংগ্রেস দ্বীপাঞ্চলকে মূল ভূখণ্ডের সঙ্গে জোড়ার উদ্যোগ গ্রহণ করে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমতায় একটি সভা থেকে কংক্রিটের সেতু নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছিলেন। তার সেই প্রতিশ্রুতির কংক্রিটের সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। যুদ্ধকালীন ভিত্তিতে সেতু নির্মাণের কাজ চলছে। ২০১৮ সালের জুন মাসে হাওড়া জেলার রিভিউ মিটিং থেকে সেতুটি তৈরি করার বিষয়ে সেচ দফতরকে রিপোর্ট দিতে বলেছিলেন মুখ্যমন্ত্রী। সেচ দফতরের রিপোর্টের ভিত্তিতে ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে সেতু নির্মাণের অনুমোদন মেলে। সেতুটির দৈর্ঘ্য ১৭৮ মিটার এবং চওড়ায় ১২ মিটার। সেতুর দু'ই প্রান্তে অর্থাৎ ভাটোরার দিকে ২৩০ মিটার এবং কুলিয়ার দিকে ২২৫ মিটার অ্যাপ্রোচ রোড তৈরি হচ্ছে। সেতু ও অ্যাপ্রোচ নির্মাণের জন্য মোট খরচ ধরা হয়েছে প্রায় ৩৫ কোটি টাকা। বছর খানেক আগে সেতু নির্মাণের কাজের সূচনা করেছিলেন রাজ্যের পূর্ত ও জনস্বাস্থ্য কারিগরি দফতরের মন্ত্রী পুলক রায়। সেতু নির্মাণ প্রসঙ্গে আমতা বিধানসভা কেন্দ্রের বিধায়ক সুকান্ত পাল বলেন, মুখ্যমন্ত্রী দ্বীপাঞ্চল মানুষদের তাদের স্বপ্নের কংক্রিটের সেতু নির্মাণের কথা দিয়েছিলেন। সেই কথা তিনি রাখলেন।

তমলুকে উচ্চশিক্ষায় বিনামূল্যে কোচিং দেওয়ার উদ্যোগ নিল রাজ্য

নিজস্ব প্রতিনিধি, তমলুক, ১৬ ফেব্রুয়ারি ঃ আর্থিক ভাবে পিছিয়ে পড়া মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য এগিয়ে এল রাজ্য সরকার। যোগ্যশ্রী প্রকল্পের মাধ্যমে উচ্চশিক্ষার বিভিন্ন প্রবেশিকা পরীক্ষার জন্য সম্পূর্ণ বিনামূল্যে বিশেষ কোচিংয়ের ব্যবস্থা করেছে রাজ্য সরকার। রবিবার, পূর্ব মেদিনীপুর জেলার তমলুক রাজকুমারী সান্ত্বনাময়ী উচ্চ বালিকা বিদ্যালয়ে এই কোচিং ক্যাম্পের উদ্বোধন হয়। এই কেন্দ্রে প্রাথমিক পর্যায়ে ৫০ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণ নেবেন। এই কোচিং কর্মসূচি পরিচালনা করছে অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগ। সহযোগিতায় আছে স্কুলশিক্ষা বিভাগ এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর। জেলায় মোট সাতটি সেন্টারে প্রায় ৩৫০ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণ নেবেন। রবিবার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বিপ্লব রায়চৌধুরী, তমলুক পুরসভার চেয়ারম্যান বৈদ্যনাথ সিনহা, ভাইস চেয়ারম্যান সুফিয়া বেগম, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শর্মিষ্ঠা আদক প্রমুখ।

E-Tender Notice
Online Bids are invited for the Year 2025-26 from the bonafied contractors for Listed Works under 15 th F.C and APAS Fund on respect of **NIT No- 91/SUSU/ 2026, 92/SUSU/2026, 93/ SUSU/2026, 94/SUSU/2026,** Dated- **13.02.2026**. Last Date of Paper submission on **23.02.2026** for detail information contact to the undersigned.
Sd/- Prodhan
Susunia Gram Panchayet

e-Tender Notice
e-tender are invited by Prodhan, Eral Gram Panchayat under Aus-II PANCHAYAT SAMITY, Dist. Purba Bardhaman, from resourceful/bonafide contractors with experience and requisite credential vide **NIeT No- EGP/ 105 Dt-13/02/2026**. Last Dt. of application **24/02/2026 up to 16:00 IST.** For details visit the **website https:// www.wbtenders.gov.in**
Sd/- Prodhan
Eral Gram Panchayat

PUBLIC NOTICE
Notice is hereby given that my client Sri Samar Kumar Adhikary alias Samar Adhikary, son of Late Kalipada Adhikary, residing at Vill – Madhya Jhorehat, P.O. – Jhorehat, P.S. – Sankrail, District – Howrah, Pin – 711304, has sold 06 (six) katha 00 chittak 00 sq. ft. Sali land through his duly constituted Power of Attorney holder Sri Rahul Adhikary, residing at the same address. The said Power of Attorney is registered in Book IV, CD Volume No. 1, Pages 5314 to 5322, being No. 00499 of 2012 in the office of A.D.S.R., Ranihati.
Further, he has sold 16 (sixteen) katha 00 chittak 00 sq. ft. Sali land comprised in J.L. No. 30, L.R. Khatian No. 2540, R.S. Dag No. 1151 corresponding to L.R. Dag No. 1238 of Mouza – Jhorehat, P.S. – Sankrail, under Banipur Gram Panchayat – II, along with 8 ft. wide Kancha common passage, in favour of Sri Subodh Shaw (S/o Late Debi Dayal Shaw) and Sri Punam Kumar Gupta (S/o Late Ramashankar Gupta) by a registered Sale Deed executed before D.S.R., Howrah–I, Book No. 1, Volume No. 0501–2025, Pages 31914 to 31937, being No. 050100902 of 2025.
Any person having objection, claim, or interest regarding the said property or sale is requested to contact the Sankrail B.L.R.O. Office within 30 (thirty) days from the date of publication of this notice, failing which no claim shall be entertained thereafter.

e-Tender Notice
e-tender are invited by Prodhan, Eral Gram Panchayat under Aus-II PANCHAYAT SAMITY, Dist. Purba Bardhaman, from resourceful/bonafide contractors with experience and requisite credential vide **NIeT No- EGP/ 106 Dt-13/02/2026.** Last Dt. of application **24/02/2026 up to 16:00 IST.** For details visit the **website https:// www.wbtenders.gov.in**
Sd/- Prodhan
Eral Gram Panchayat

Thanamakua Gram Panchayt
Sankrail,Howrah
54/15TH CFC/TGP/2025-26, 2026_ZPHD_1004741_4, 2026_ZPHD_1004741_3, 2026_ZPHD_1004741_2, 2026_ZPHD_1004741_1. Publish Date: **12-Feb-2026 12:00 PM**. Bid Submission End Date: **20-Feb-2026 12:05 PM**. Bid Opening Date:- **23-Feb-2026 12:10 PM**. **53/ 15TH CFC/TGP/2025-26. 2026_ZPHD_1003596_7, 2026_ZPHD_1003596_6, 2026_ZPHD_1003596_5, 2026_ZPHD_1003596_4, 2026_ZPHD_1003596_3, 2026_ZPHD_1003596_2, 2026_ZPHD_1003596_1**
SD/-PRADHAN
THANAMAKUA GRAM PANCHAYAT

PWD (GOVT. OF WB)
TENDER NOTICE
Executive Engineer, PWD, Howrah Division invites on line Tender for the works: 1. Emergent repairing of roof with Waterproofing Treatment to the Old Collectorate building Howrah during the year 2025 26. Estimated Amount Put to Tender: Rs.4,99,232/- 2. Emergent refurbishment of dilapidated road from Choto Boharia Swasan to Barapara in the District of Howrah during the year 2025-2026. Estimated Amount Put to Tender: Rs.4,98,184/- 3. Repair and maintenance of road along with restoration of flank and other allied work from 3.00 kmp of Makardah Bazar to Begri Chowrasta Road in the district of Howrah during the year 2025-26. Estimated Amount Put to Tender: Rs.4,99,046/- 4. Restoration of carriageway on Salkia Chanditala Road from 9.45 km to 9.80 km in patches and some allied work during the year 2025-2026 Estimated Amount Put to Tender: Rs.4,98,456/- 5. Emergent replacement of damaged roof shed with some allied works at steel godown at Lichubagan Stack yard, during the year 2025-26. Estimated Amount Put to Tender: Rs.4,99,581/-
NOTICE INVITING TENDER (ON LINE) NO. WBPWD/EE/HD/NIeT-109/2025 26
Tender ID: 2026_WBPWD 1008027_1/2/3/4/5.
Bid Submission Start date (online) **17.02.2026 up to 10.00 A.M**
Bid Submission Last date (online) **24.02.2026 up to 1.30 P.M**
Corrigendum if any will be published in website only. Details of Tender documents may be downloaded from: **http:// wbtenders.gov.in**
Sd/-
Executive Engineer
Howrah Division, PWD

হাওড়া পৌর নিগম
৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া- ৭১১১০১
No. WB-HMC/TN/ED/WS/19/25-26 **Date: 13.02.2026**
ই- টেন্ডার বিজ্ঞপ্তি
হাওড়া পৌর কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী এইচএমসি এলাকার বিভিন্ন ওয়ার্ডে (বার্ষিক) পুরাতন ক্ষতিগ্রস্ত বিদ্যমান পাইপ প্রতিস্থাপন সহ নতুন স্থাপন করা এইচডিপিই পাইপ দ্বারা জল সরবরাহের উন্নয়নের জন্য একই ধরণের কাজে পর্যাপ্ত অভিজ্ঞতা সম্পন্ন স্বনামধন্য সম্পদশালী এবং প্রকৃত ঠিকাদারদের কাছ থেকে ই-টেন্ডার (নির্ধারিত ফর্মে) আহ্বান করছেন। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ (অনলাইনে) ০২.০৩.২০২৬, সন্ধ্যা ৬.০০ টা।
৩০১(৩) / ২৫-২৬
১৬।২ ।২০২৬
সচিব
হাওড়া পৌরনিগম

Office of the
SANKRAIL GRAM PANCHAYAT
VILL.+P.O.-SANKRAIL, P.S.-SANKRAIL, DIST.-HOWRAH
NOTICE INVITING e-TENDER No:-WB/HZP/SANK/SGP/NIeT 25/25/APAS
For and on behalf of the Sankrail Gram Panchayat, The Pradhan, invites percentage rate tenders through e-tendering for 8(Eight) Nos. different works. Document download/sale start date from 16/02/2026 at 10.00 PM. Bid Submission starting from 16/02/2026 at 10.00 PM. Last date of submission of Bid on 21/02/2026 at 03.00 P.M. Bid Opening Date (Technical) 23/02/2026 at 3.00 P.M. For Details please visit website **https://wbtenders.gov.in.**
Sd/- Prodhan
Sankrail Gram Panchayat

মেট্রো রেলওয়ে, কলকাতা
ভারতের রাষ্ট্রপতির জন্যে ও পক্ষে প্রিন্সিপাল চিফ ইঞ্জিনিয়ার, মেট্রো রেলওয়ে, কলকাতা নিম্নলিখিত কাজের ই-টেন্ডারিংয়ের জন্য টেন্ডার আহ্বান করছেনঃ **কাজের নামঃ** মেট্রো রেলওয়ে, কলকাতার নোয়াপাড়া কারশেডে ডেপুটি সিই/কন-I অফিসে মেট্রো রেলওয়ে ট্রেনিং অ্যাকাডেমির জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংয়ের ২য় তলের মডিফিকেশন/নবীকরণ এবং সংশ্লিষ্ট কাজ তৎসহ সম্পর্কিত কাজ। **কাজের আনুমানিক ব্যয়ঃ** ৩২,০৬,৫৩২.৯০ টাকা, **বায়না মূল্যঃ** ৬৪,১০০ টাকা, **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ০৬ মাস, **বন্ধের তারিখ এবং সময়ঃ** ১০.০৩.২০২৬ তারিখ দুপুর ১২টা। টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ www.ireps.gov.in ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। যদি কোনো পরিমার্জন/সংশোধন থাকে, তবে তা কেবলমাত্র ওয়েবসাইটে প্রকাশিত হবে। **সংক্ষিপ্ত ই-টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ সিভিল-২৫৫০-২০২৬ (ওপেন)**
আমাদের অনুসরণ করুন: /metrorailwaykol /metrorailkolkata

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCING ADVISING
আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেড
নিবন্ধিত অফিসঃ ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভাল, গুজরাট - ৩৬২ ২৬৬।
কর্পোরেট অফিসঃ ১২ তলা, আর টেক পার্ক, নিরলন কমপ্লেক্স, হাব মলের কাছে, গোরেগাঁও (পূর্ব) মুম্বাই-৪০০ ০৬৩, এমএইচ।
ডিমান্ড নোটিশ
আর্থিক সম্পদের সিকিউরিটিজেশন এবং পুনর্গঠন এবং সিকিউরিটি প্রয়োগের ধারা ১৩(২)-এর অধীনে সুদ আইন, ২০০২ (আইন) যা সিকিউরিটি স্বার্থ (প্রয়োগ) বিধি, ২০০২ (নিয়ম) এর বিধি ৩-এর সাথে পঠিত
আদিত্য বিড়লা ফাইন্যান্স লিমিটেড এবং আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেডের মধ্যে একত্রীকরণের ফলে, ১১.০৩.২০২৪ তারিখের একত্রীকরণ প্রকল্প অনুসারে, যা ২৪.০৩.২০২৫ তারিখে জাতীয় কোম্পানি আইন ট্রাইব্যুনাল - আহমেদাবাদ কর্তৃক প্রদত্ত আদেশে যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে, উল্লিখিত বন্ধকী সম্পত্তি সম্পর্কিত আদিত্য বিড়লা ফাইন্যান্স লিমিটেড কর্তৃক গৃহীত সমস্ত SARFAESI পদক্ষেপগুলি একত্রীকরণকৃত কোম্পানি আদিত্য বিড়লা ক্যাপিটাল ইটি-তে স্থানান্তরিত হয়েছে।
অতএব, **আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেড** (ABCL)-এর অনুমোদিত কর্মকর্তা হিসেবে, আইনের অধীনে এবং বিধি ৩ সহ পঠিত আইনের ধারা ১৩(১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে, আইনের ধারা ১৩(২) এর অধীনে চাহিদা নোটিশ জারি করেছেন, নিম্নলিখিত ঋণগ্রহীতাদেরকে নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট নোটিশে উল্লিখিত পরিমাণ পরিশোধ করার আহ্বান জানিয়েছেন। নিম্নস্বাক্ষরকারী যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করেন যে ঋণগ্রহীতা / ঋণগ্রহীতারা চাহিদা নোটিশ(গুলি) প্রদান এড়িয়ে যাচ্ছেন, তাই নিয়ম অনুসারে নোটিশটি সংযুক্ত এবং প্রকাশের মাধ্যমে জারি করা হচ্ছে। চাহিদা নোটিশ(গুলি) এর বিষয়বস্তু এখানে নীচে উদ্ধৃত করা হলঃ
উপরোক্ত বিষয়ের সাথে সম্পর্কিত, আবারও, উক্ত ঋণগ্রহীতার / আইনগত উত্তরাধিকারী/ আইনগত প্রতিনিধি(গুলি) কে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সংশ্লিষ্ট নোটিশ / গুলি প্রদানের তারিখ থেকে **৬০ দিনের মধ্যে,** এখানে উল্লেখিত পরিমাণ, কলাম (d) এ উল্লিখিত তারিখ থেকে ঋণ চুক্তি এবং অন্যান্য নথিলেখার সাথে পঠিত, পরিশোধ এবং/ অথবা আদায়ের তারিখ পর্যন্ত নীচে বর্ণিত সুদ সহ, ABCL-কে তাদের নিজ নিজ নামে পরিশোধ করতে হবে। ঋণের বকেয়া পরিশোধের জন্য নিরাপত্তা হিসেবে, উক্ত ঋণগ্রহীতা কর্তৃক নিম্নলিখিত সুরক্ষিত সম্পদ(গুলি) যথাক্রমে ABCL-এর কাছে বন্ধক রাখা হয়েছে।

ক্রম নং	ঋণগ্রহীতা(দের) নাম এবং ঠিকানা	চাহিদা বিজ্ঞপ্তি তারিখ এবং এনপিএ তারিখ	স্থাবর সম্পত্তির বর্ণনা
১	**১. মেসার্স ডি. ডি. অটোমোবাইলস** এর মালিক মিঃ মঙ্গল মণ্ডল, ঠিকানাঃ ৩৩, নাটাগড় মেইন রোড, সোদপুর, পানিহাটি, পশ্চিমবঙ্গ-৭০০১১৩। **২. মিঃ মঙ্গল মণ্ডল,** পুত্র সোনিল মণ্ডল, ঠিকানাঃ ৩০২, ১২৫ /১, বোধিকানন, অঙ্কন অ্যাপার্টমেমেটে পানিহাটি, শহর- মুড়াগাছা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, পিনকোড- ৭০০১১০ **যোগাযোগ**-৮২৪০৫৭৩০৮৩ **ইমেলঃ** Mongal.mondal@980gmail.com। এছাড়াও ঠিকানাঃ মিঃ মঙ্গল মণ্ডল, ঠিকানাঃ ৩৩, নাটাগড় মেইন রোড, সোদপুর, পানিহাটি, পশ্চিমবঙ্গ-৭০০১১৩। **৩. মিসেস সম্পা মণ্ডল,** স্ত্রী মিঃ মঙ্গল মণ্ডল, কন্যা শুভাংশু সরকার, ঠিকানাঃ ৩০২, ১২৫ /১, বোধিকানন, অঙ্কন অ্যাপার্টমেন্ট পানিহাটি, শহর- মুরাগাছা, উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ, পিনকোড- ৭০০১১০। যোগাযোগঃ ৮৫৮৪৯৮২২৫৫ ইমেলঃ Sampa.mandal@gmail.com এছাড়াও ঠিকানায়ঃ শ্রীমতি সম্পা মন্ডল ঠিকানা- ৩৩, নাটাগড় মেইন রোড, সোদপুর, পানিহাটি, পশ্চিমবঙ্গ- ৭০০১১৩। **লোন অ্যাকাউন্ট নং** ABKOLSTS000000768525	০৯.০২.২০২৬ এবং ০৩.০২.২০২৬ মোট O/s. বকেয়া পরিমাণ। ৬০,৩০,৯৩৯ /- টাকা ০৯.০২.২০২৬ তারিখের হিসাবে	সম্পত্তির সমস্ত অংশ এবং পার্সেল ৬টি ছাতক ৩০ বর্গফুট জমির পরিমাপ, যার ১ম তলা, ২ তলা এবং ৩ তলা ৩০০ বর্গফুটের কাঠামো রয়েছে। কমবেশি একসাথে মৌজার অংশ তৈরি করে তার উপর দাঁড়িয়ে থাকা কাঠামো সহ - নাটাগড়, জে.আই. নং ১৫, তৌজি নং ১৫৫, আর.এস. নং ১০১, পৌর ওয়ার্ড নং ৩৬ এর অধীনে, আর.এস. দাগ নং ২০০৮, জং খতিয়ান নং ৩১ এর অধীনে, প্রজাই খতিয়ান নং ৩৮৫, আর.এস. খতিয়ান নং ৩৮২, পরিবর্তিত খতিয়ান নং ২০৭৮, খতিয়ান নং ২২০৭ (নতুন), থানা- ঘোলা নাউ খড়দহ, জেলা। উত্তর ২৪ পরগনা, পিনকোড- ৭০০১১৩, ওয়ার্ড নং ৩৩, পানিহাটি পৌরসভার অধীনে, পশ্চিমবঙ্গ- ৭০০১১৩ নিম্নরূপে সীমানাযুক্ত- উত্তরঃ পারুল বণিক ও শ্রী বসু বণিকের সম্পত্তি, দক্ষিণঃ ইন্দ্রলোক ইউনিয়ন সমিতি, পূর্বঃ পারুল বণিক ও শ্রী বসু বণিকের সম্পত্তি, পশ্চিমঃ নাটগড় প্রধান সড়ক।
২	**১. মেসার্স রাইসা গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং কোম্পানি,** এর স্বত্বাধিকারী শ্রী মিনাউল ইসলামের মাধ্যমে, গ্রাম -গোবর্ধনপুর, পাড়া-গোবর্ধনপুর, থানা- দেগঙ্গা, থানা- গোবর্ধনপুর, মৌজা-৭৯, দাগ- ২৯০২, বারাসত প্রথম পশ্চিমবঙ্গ- ৭৪৩৪২৩। **এছাড়াওঃ** মেসার্স রাইসা গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং কোম্পানি, থানা- মৌজা- তেলিয়া, জে.এল. নং। ৮৫, এল.আর. খতিয়ান নং-১৩০-এ হাজির, বর্তমানে এল.আর. খতিয়ান নং ৪৫০, অধীন এল.আর. দাগ নং ২১৫ /৩০৫, থানা- দেগঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা, পিনকোড-৭৪৩৪২৫। **২. শ্রী মোঃ মিনাউল ইসলাম,** পুত্র মহিউদ্দিন, এঃ দেগঙ্গা, তেলিয়া, মিনাখা, উত্তর ২৪ পরগনা, পিনকোড- ৭৪৩৪২৫। যোগাযোগঃ ৯১৬৩৫৩৭৪৯৯ ইমেইলঃ Mdminaulislam2000@gmail.com **এছাড়াও** প্রতি ঃশ্রী মোঃ মিনাউল ইসলাম, মৌজা- তেলিয়া, জে.এল. নং ৮৫, অ্যাপারেটিং থেকে এল.আর. খতিয়ান নং ১৩০, বর্তমানে এল.আর খত্তিয়ান নং ৪৫০, এল.আর দাগ নং অধীনে. ২১৫ / ৩০৫, থানা- দেগঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা, পিনকোড-৭৪৩৪২৫। ৩. মিসেস নাইমাতুন ইরিনা, স্ত্রী মোঃ মিনাউল ইসলাম, এছাড়াঃ দেগঙ্গা, তেলিয়া, মিনাখা, উত্তর ২৪ পরগনা, পিনকোড-৭৪৩৪২৫ যোগাযোগঃ ৯৩৮২৩৭৮৩৪৯ ইমেইলঃ Mdminaulislam@gmail.com এছাড়াও এখানেঃ মিসেস নাইমাতুন ইরিনা, এঃ মৌজা- তেলিয়া, জে.এল. নং. ৮৫, অ্যাপারেটিং থেকে এল.আর. খতিয়ান নং ১৩০, বর্তমানে এল.আর. খতিয়ান নং ৪৫০, এল.আর দাগ নং অধীনে. ২১৫ /৩০৫, থানা- দেগঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা, পিনকোড-৭৪৩৪২৫ লোন অ্যাকাউন্ট নং ABKOLSTS000000859623 & ABKOLSTS000000860990	০৯.০২.২০২৬ এবং ০৩.০২.২০২৬ মোট O/s. বকেয়া পরিমাণ। ২১,৮০,৩৪০ /- টাকা ০৯.০২.২০২৬ তারিখের হিসাবে	প্রায় ২৫ ডেসিলাম পরিমাপের সমস্ত জমির টুকরো এবং পার্সেল একসাথে একটু বেশি বা কম একই রকম, সিমেন্টের মেঝে সহ আবাসিক কাঠামো প্রায় ১৩৯৩ বর্গফুট। মৌজা-তেলিয়া, জে.আই. নং ৮৫, এল.আর. খতিয়ান নং ৪৫০ এর সাথে সম্পর্কিত, এল.আর.দাগ নং ২১৫ /৩০৫ এর অধীনে, পি.এস. দেগঙ্গা, দেগঙ্গা ২ এর স্থানীয় সীমানার মধ্যে, জেলা-উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭৪৩৪২৫ এর গ্রাম পঞ্চায়েত নিম্নরূপঃ মিনাউল ইসলাম ও অন্যান্যদের উত্তর জমি, দক্ষিণঃ ওলিয়ার রহমান ও অন্যান্যদের জমি, পূর্বঃ আংশিকভাবে ৮ ফুট প্রশস্ত সাধারণ পথ এবং আংশিকভাবে ২০৯, পশ্চিমঃ প্লট নং বি, মো. হাসানুর মল্লিক।

অতিরিক্ত সুদের সাথে, উপরে উল্লিখিত তারিখের সংশ্লিষ্ট চাহিদা নোটিশে আরও সুনির্দিষ্টভাবে উল্লেখিত হারে অতিরিক্ত সুদ, অর্থপ্রদান এবং / অথবা আদায়ের তারিখ পর্যন্ত আনুষঙ্গিক ব্যয়, খরচ, চার্জ ইত্যাদি। যদি উক্ত ঋণগ্রহীতা ABCL-কে পূর্বোক্ত হিসাবে অর্থপ্রদান করতে ব্যর্থ হন, তাহলে ABCL উক্ত আইনের ধারা ১৩(৪) এবং প্রযোজ্য বিধি অনুসারে উপরোক্ত সুরক্ষিত সম্পদ / স্থাবর সম্পত্তির বিরুদ্ধে মামলা করবে, সম্পূর্ণরূপে উক্ত ঋণগ্রহীতা/ আইনগত উত্তরাধিকারী/ আইনগত প্রতিনিধির ঝুঁকিতে, খরচ এবং পরিণতি সম্পর্কে।
উক্ত আইনের অধীনে উক্ত ঋণগ্রহীতার/ আইনগত উত্তরাধিকারী/ আইনগত প্রতিনিধিদের উপর উক্ত সুরক্ষিত সম্পদ/ স্থাবর সম্পত্তি, বিক্রয়, লিজ বা অন্য কোনওভাবে ABCL-এর পূর্ব লিখিত সম্মতি ব্যতীত হস্তান্তর করা নিষিদ্ধ। দয়া করে মনে রাখবেন যে এটি ধারা ১৩(৪) এর অধীনে একটি চূড়ান্ত বিজ্ঞপ্তি। ২০০২ সালের আর্থিক সম্পদের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২ সালের ৫৪) এর ১৩(২) ধারা। বলা বাহুল্য, ABCL ঋণগ্রহীতা (দের) বিরুদ্ধে তাদের ঝুঁকি, দায়িত্ব এবং খরচের উপর সম্পূর্ণরূপে উল্লিখিত যেকোনো বা সমস্ত অধিকার প্রয়োগ করার অধিকার রাখবে।
স্থান ঃ উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ
তারিখঃ ১৭.০২.২০২৬
স্বা /- অনুমোদিত কর্মকর্তা
আদিত্য বিড়লা ক্যাপিটাল লিমিটেড

বিজ্ঞপ্তি
DSP MUTUAL FUND
আসন্ন ইনভেস্টর অ্যাওয়েআরনেস প্রোগ্রাম ('আইএপি')-এর জন্য এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যা ডিএসপি মিউচুয়াল ফান্ড দ্বারা পরিচালিত হবে। আইএপি-র বিবরণ নিম্নরূপ:

দিন ও তারিখ	ঠিকানা	সময়
Tuesday, 17th Feb 2026	Hotel Immperial Inn, Jalpai More, Burdawan Road, Darjeeling, West Bengal	7:00 PM

সমস্ত আইএপি সম্বন্ধে আপডেটের জন্য ভিজিট করুন dspim.com/IAP এবং অন্য সমস্ত ডিসক্লোজারের জন্য, ভিজিট করুন dspim.com/IEID. ডিএসপি মিউচুয়াল ফান্ড দ্বারা একটি বিনিয়োগকারীর শিক্ষা ও সচেতনতা উদ্যোগ। **মিউচুয়াল ফান্ডে বিনিয়োগসমূহ বাজারের ঝুঁকি সাপেক্ষ, যোজনা সংক্রান্ত সমস্ত নথিপত্র যত্ন সহকারে পড়ে নিন।**

ভিএআর-মুক্ত ফুটবল ‘নিখুঁত’ নয়... ‘জনপ্রিয়’!

আনুবীক্ষণিক প্রযুক্তিই কি মুছে দিচ্ছে সৌন্দর্য?

নিজস্ব প্রতিবেদন

আধুনিকতম ফুটবল প্রযুক্তির হাতে বন্দি? নাকি প্রযুক্তি না থাকলেই বিপদ? খেলার ময়দানে এই দ্বন্দ্ব নতুন নয়। কিন্তু সাম্প্রতিক কিছু ম্যাচ আবার সেই পুরনো তর্কটাই সামনে এনে দাঁড় করাল-ভিএআর ছাড়া ফুটবল কি বেশি উপভোগ্য? ভুল-ভ্রান্তির মধ্যেই লুকিয়ে ফুটবলের খাঁটি রোমাঞ্চ? ইংল্যান্ডে এফএ কাপে গত শনিবার নিউক্যাসল ইউনাইটেড মুখোমুখি হয় অ্যাস্টন ভিলার। প্রতিযোগিতার এই পর্বে ভিএআর কাজে লাগানো হয় না। কিন্তু নিট ফল কী দাঁড়াল? এককথায় বললে, বইল বিতর্কের বন্যা। টমি আব্রাহামের গোল অফসাইড ছিল কি না, তা নিয়ে উঠল সওয়াল। লুকাস ডিনের হ্যান্ডবল পেনাল্টি দেওয়া উচিত কি না, সেটাও প্রশ্নের জন্ম দিল। দর্শকরা গ্যালারি থেকে চিৎকার শুরু করলেন, ‘রেফারি মোটেও যোগ্য নন!’ আর স্টুডিওতে বসা অ্যালান শিয়ারার রাগ চেপে বলে উঠলেন, ‘রেফারি নিজেদের কাজটা ঠিকমতো করলেই তো ঝামেলা মিটে যায়!’ সংক্ষেপে, এই একটি ম্যাচ যেন দেখিয়ে দিল-ভিএআর না থাকলেও বিতর্ক থামে না। বরং, ভুল সিদ্ধান্ত আরও স্পষ্টভাবে, প্রবলভাবে চোখে পড়ে। তবু এতকিছুর মধ্যেও একটা জিনিস ছিল-গোল হলে সঙ্গে সঙ্গে নির্বাধ উদ্যাপন। খেলোয়াড়দের সন্দেহ নেই, সমর্থকদের শঙ্কা নেই... গোলটা কেড়ে নেওয়া হবে না। এই নির্ভেজাল আমোদ কি অনেক অনুরাগীর কাছে ত্রুটিমুক্ত খেলার চেয়েও মূল্যবান? ম্যাচ শেষে নিউক্যাসলের কোচ এডি হাও কিন্তু স্বীকার করলেন, তিনি দ্বিধাগ্রস্ত, একটা স্পষ্ট পক্ষ নিতে অপারগ। ‘গোল হলে সঙ্গে সঙ্গে উদযাপন-ওই অনুভূতিটা আমি এখনও ভালোবাসি। কিন্তু প্রথম গোলটার সময় ভিএআর থাকলে ভালো হত!’ মন্তব্য তরুণ ম্যানেজারের। বিশেষজ্ঞদের বড় অংশ অবশ্য এতটা ধোঁয়াশায় নেই। একবাক্যে জানালেন, এই দ্বন্দ্বটাই আসল। এই দ্বিধাই ফুটবলের আসল মজা! উয়েফা-র রেফারিং প্রধান রবার্তো রোসেত্তি সম্প্রতি সতর্ক করেছেন-ভিএআর যেন অতিরিক্ত ‘মাইক্রোস্কোপিক’ বা ‘আনুবিক্ষণিক’ না হয়ে পড়ে! তাহলে খেলার আসল সুগন্ধ যাবে উবে, মুছে যাবে দ্বিধাতুর সৌন্দর্য! হিসেব বলছে, এবার চ্যাম্পিয়ন্স লিগে গড়ে প্রতি ম্যাচে প্রায় ০.৪৫ বার ভিএআর হস্তক্ষেপ করছে। লা লিগা, বুন্দেসলিগা, সেরি আ-কোথাও প্রযুক্তির ‘নাক গলানো’র হার কম নয়। রোসেত্তির কথায়, ‘‘আমরা ফুটবলকে ভালোবাসি, যেমনটা সে আছে, সেই চেহারায়। খেলাটা থামিয়ে থামিয়ে দেখা, লাইনের উপর লাইন টানা-এভাবে চলতে পারে না!’’ অর্থাৎ, বক্তব্য পরিষ্কার-অফসাইডের মতো তথ্যভিত্তিক সিদ্ধান্তে প্রযুক্তি কার্যকর। কিন্তু হ্যান্ডবলের মতো ‘সাবজেক্টিভ’ সিদ্ধান্তে অতিরিক্ত হস্তক্ষেপ সমস্যার সৃষ্টি করছে। তাই উঠছে প্রশ্ন-ফুটবল কি অতিরিক্ত বিশ্লেষণের চাপে তার স্বাভাবিক গতি হারাচ্ছে? ফুটবলের একদল সমর্থক চান ১০০ শতাংশ নির্ভুলতা। তাঁদের যুক্তি-ত্রুটিপূর্ণ সিদ্ধান্তে শিরোপা নির্ধারিত হওয়া অনুচিত। অন্যদলের বক্তব্য-ভুলচুক তো খেলার-ই অংশ। ক্রিকেটে যেমন ‘আম্পায়ারস কল’ আছে, ফুটবলেও মানবিক ভুল মেনে নেওয়া সঙ্গত। কিন্তু সমস্যা হল, ভিএআর থাকলেও বিতর্ক থামে না। এক ম্যাচে মিলিমিটার ব্যবধানে অফসাইড ধরা পড়ছে। আবার অন্য খেলায় স্পষ্ট হ্যান্ডবল নজর এড়িয়ে যাচ্ছে। ফলে সমর্থকেরা ভাবছেন-প্রযুক্তি থাকতেও যদি বিতর্ক হয়, তবে লাভ কী? রোসেত্তি আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলেছেন-হ্যান্ডবলের ব্যাখ্যা একেক লিগে একেক রকম। প্রিমিয়ার লিগে তুলনামূলকভাবে শিথিল নিয়ম, অন্য লিগে কঠোর। এতে ইউরোপীয় প্রতিযোগিতায় বিভ্রান্তি তৈরি হয়। তাঁর বক্তব্য, ‘‘একটাই টেকনিক্যাল ভাষা দরকার। একটাই মানদণ্ড।’’ অর্থাৎ, শুধু প্রযুক্তি নয়-ব্যাখ্যাতেও ঐক্য চাই। কর্নার বা দ্বিতীয় হলুদ কার্ডেও ভিএআর চালু হবে কি না-এই বিষয়ে আন্তর্জাতিক ফুটবল সংস্থা আইএফএবি শিগগির পাকা সিদ্ধান্ত নিতে পারে। কিন্তু রোসেত্তির এতে স্পষ্ট আপত্তি। যুক্তি-খেলা শুরু করতে দেরি হলে ফুটবলের আবেগ নষ্ট হয়। মন্তব্য, ‘‘ফুটবল মানেই গতি, তীব্রতা, আবেগ!’’ তাই জমেছে প্রশ্ন-আমরা কী চাই? নিখুঁত কিন্তু খানিকটা যান্ত্রিক ফুটবল? নাকি ভুলভ্রান্তি-সমেত অবাধ আবেগময় ফুটবল? দুঃখের বিষয়, মাঝামাঝি কোনও সমাধান নেই। ভিএআর তুলে দিলে ভুল সিদ্ধান্ত থাকবে। ভিএআর রাখলে আবেগের নিয়ত ক্ষয়। এডি হাওয়ের মতো অনেকেই তাই দ্বিধাগ্রস্ত। আমরা গোলের পর সঙ্গে সঙ্গে লাফিয়ে ওঠার আনন্দ চাই, আবার অন্যায় সিদ্ধান্তে হারতেও অনিচ্ছুক। শেষ পর্যন্ত ফুটবল নিখুঁত হবে না। প্রযুক্তি থাকুক বা না থাকুক, বিতর্ক চলবেই। সম্ভবত আমাদেরই মানিয়ে নিতে হবে-খেলার সঙ্গে, ভুলের সঙ্গে, প্রযুক্তির সঙ্গে। কারণ ফুটবল কেবল ফলাফল নয়। এটা আবেগের খেলা। আর আবেগ কখনও পুরোপুরি ‘মাইক্রোস্কোপিক’ হতে পারে না।

‘স্লেজিং নয়, স্কিলে জিতব!’

সাফ বার্তা সূর্যর, ভিডিও সামনে আনল বিসিসিআই

সংবাদ সংস্থা, মুম্বই, ১৬ ফেব্রুয়ারিঃ মাঠে আগুনঝরা ম্যাচ। কিন্তু ড্রেসিংরুমের স্পষ্ট নির্দেশ-কোনও স্লেজিং নয়। টি-২০ বিশ্বকাপে পাকিস্তানের বিরুদ্ধে নামার আগে অধিনায়ক সূর্যকুমার যাদব সতীর্থদের বলে দেন, মুখে নয়, জবাব দিতে হবে ব্যাট-বলে। সেই ‘বিহাইন্ড দ্য সিন’ ভিডিওই এবার প্রকাশ করেছে বিসিসিআই। আর প্রেমাদাসা স্টেডিয়ামে ৬১ রানের দাপুটে জয়ের পর এই ‘বিটিএস’-বার্তা নতুন করে আলোচনায়। যেখানে সূর্যকে বলতে শোনা যায়, ‘‘ওভার বদলের সময় দৌড়বে, কিন্তু কাউকে কিছু বলবে না। আমাদের ভালো ক্রিকেট খেলতে হবে। স্কিল দিয়েই জিতব!’’ বার্তা পরিষ্কার-মাইন্ড গেম নয়, ফোকাস শুধুমাত্র ক্রিকেটে। ম্যাচের আগে নানা বিতর্ক ঘিরে সরগরম ছিল এই দ্বৈরথ। পাকিস্তান শিবিরের বয়কট-জল্পনা, ‘নো-হ্যান্ডশেক’ নীতি মিলিয়ে চাপা উত্তেজনা! তবে মাঠে তার ছিটেফোঁটাও দেখা যায়নি। কোনও মৌখিক বাকযুদ্ধ নয়, অপ্রয়োজনীয় নাটক নয়। অবশ্য সূর্যর এই আবেদনের আরও একটি কারণ থাকতে পারে। পাক অধিনায়কের সঙ্গে করমর্দন না করা নিয়ে এমনিতেই বিতর্ক হয়েছে। যা শুরু হয়েছে এশিয়া কাপ থেকে। ওই টুর্নামেন্টেই পাক পেসার হ্যারিস রউফের সঙ্গে বাকযুদ্ধে জড়িয়ে পড়তে দেখা যায় অভিষেক শর্মাকে। এবার বিশ্বকাপের আগেও পাকিস্তানের বয়কট নাটক ছিল। সব মিলিয়ে সূর্য এমন কোনও বিতর্ক চাননি, যা নিয়ে ভারতীয় ক্রিকেটারদের সাফল্যের থেকে বেশি চর্চা হয়। ভারত শুরু থেকেই নিয়ন্ত্রণ টেনে নেয়। ব্যাট হাতে সুর বেঁধে দেন ঈশান কিষাণ। ৪০ বলে ৭৭ রানের স্মরণীয় ইনিংস। মন্থর উইকেটেও স্ট্রাইক রেট প্রায় ২০০। সেই ভিতের উপর দাঁড়িয়ে ভারত তোলে ১৭৫। মাঝের ওভারে তিলক বর্মা ও শেষদিকে সূর্যকুমার নিজে ইনিংস গুছিয়ে দেন। জবাবে পাকিস্তান শুরু থেকেই ব্যাকফুটে। জসপ্রীত বুমরাহ, হার্দিক পাণ্ডিয়া, বরুণ চক্রবর্তী ও অক্ষর প্যাটেল-চার দিক থেকে নাগাড়ে আক্রমণ। প্রত্যেকে দুটি করে উইকেট নেন। যার জেরে ১১৪ রানে থামতে বাধ্য হয় পাকিস্তান। একপেশে জয়ের সৌজন্যে টি-২০ বিশ্বকাপে ভারত-পাক হেড-টু-হেড আপাতত ৮-১। একই সঙ্গে সুপার এইটে জায়গা নিশ্চিত করেছে টিম ইন্ডিয়া।

সামির দুরন্ত স্পেল, সুদীপের ম্যারাথন ইনিংস! জম্মুর বিরুদ্ধে লড়াই জারি বাংলার

নিজস্ব প্রতিনিধি, কল্যাণী, ১৬ ফেব্রুয়ারিঃ কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি গ্রাউন্ডে রঞ্জি ট্রফি সেমিফাইনালে দাপট দু’তরফেই। প্রথমে ব্যাট হাতে সুদীপ ঘরামি, পরে বল হাতে মহম্মদ সামি। দ্বিতীয় দিনের শেষে লড়াইয়ে এগিয়ে বাংলা। তবে ম্যাচ এখনও খোলা। যে কোনও দিকেই চূড়ান্ত ফলাফল হেলে যেতে পারে। দ্বিতীয় দিনের শুরুতে বাংলা ছিল ২৪৯৫। সেখান থেকে ইনিংস টেনে নিয়ে যান সুদীপ ঘরামি। কোয়ার্টার ফাইনালের ত্রিশতরানের পর সেমিফাইনালেও সেঞ্চুরি। শেষ পর্যন্ত ১৪৬ রানের ম্যারাথন ইনিংস খেলে সাজঘরে ফেরেন। আকিব নবির বলে সুদীপ আউট হতেই ভেঙে পড়ে বাংলার লোয়ার অর্ডার। সুমন্ত গুপ্ত ৩৯ রানের লড়াকু ইনিংস খেললেও শেষ পাঁচ উইকেটের দ্রুত পতন। যার জেরে গোটা টিম অলআউট ৩২৮ রানে (৯৭.১ ওভার)। শুরুটা মজবুত হলেও বড় স্কোরে পৌঁছনোর সুযোগ পুরোপুরি কাজে লাগাতে ব্যর্থ বাংলা শিবির। ব্যাট করতে নেমে শুরুতেই ধাক্কা খায় জম্মু ও কাশ্মীর।

নতুন বলে আগুন ঝরান মহম্মদ সামি। শুভম খাজুরিয়া ও ইয়াওয়ার হাসানকে দ্রুত আউট করেন। স্কোর দাঁড়ায় ১৩২। পরে আরও একটি উইকেট ছিনিয়ে নেওয়ায় সামির দিনশেষে পরিসংখ্যান ৩৬০ (১৩ ওভার)। চাপ জমতে থাকলেও জম্মু শিবির প্রত্যাঘাত হানে। শুভম পুন্দর ও অধিনায়ক পরস দোগরা ইনিংস সামলানোর চেষ্টা চালান। দ্বিতীয় সেশনে জুটি গড়ে তোলায় কিছুটা স্থিতি ফেরে। তবে নিয়মিত বিরতিতে উইকেট পড়তে থাকায় পুরোপুরি ঘুরে দাঁড়ানো সম্ভব হয়নি। আপাতত জম্মু-কাশ্মীর ১৯৮৫ (৫১ ওভার)। কনহাইয়া ওয়াধাওয়ান ও আবিদ মুস্তাক ক্রিজে অপরাজিত। বাংলার থেকে এখনও ১৩০ রানে পিছিয়ে। দ্বিতীয় দিনটা কার্যত বোলারদের। সকালে বাংলার ব্যাটিং লাইন আপে ধস, বিকেলে জম্মু-কাশ্মীর টালমাটাল। আকাশ দীপ ও সুরজ জয়সওয়াল সামিকে সাহায্য করেছেন। তবে ম্যাচ এখনও রোমাঞ্চকর জায়গায়। আগামিকাল, তৃতীয় দিনে জম্মু যদি প্রথম ইনিংসের লিড নেয়, তাহলে চাপে পড়বে বাংলা। আবার দ্রুত বাকি পাঁচ উইকেট তুলতে পারলে সামিদের সামনে ফাইনালের দরজা অনেকটাই খুলে যাবে।

পাকিস্তান ক্রিকেটের ‘সবচেয়ে অন্ধকার সময়’, পিসিবি-র ‘রাজনীতি’তে তিতিবিরক্ত ইউসুফ

সংবাদ সংস্থা, ইসলামাবাদ, ১৬ ফেব্রুয়ারিঃ ভারতের কাছে ৬১ রানের হারের পর শুধু ড্রেসিং রুম নয়, কাঁপছে পাকিস্তান ক্রিকেটের ভিতও। টি-২০ বিশ্বকাপে কলম্বোয়

পরাজয়ের ধাক্কা সামলাতে না সামলাতেই এবার কড়া মন্তব্য করলেন প্রাক্তন অধিনায়ক মোহাম্মদ ইউসুফ। তাঁর সোজাসাপটা দাবি-রাজনীতি আর ব্যক্তিগত স্বার্থ দূরে না সরালে পাকিস্তান ক্রিকেটের পতন থামবে না। সাম্প্রতিক অবস্থাকে দেশের ক্রিকেট ইতিহাসের ‘সবচেয়ে অন্ধকার সময়’বলতেও দ্বিধা করেননি প্রাক্তন ব্যাটার। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ‘এক্স’-এ ইউসুফ লেখেন, ‘পাকিস্তান ক্রিকেট থেকে রাজনৈতিক প্রভাব আর ব্যক্তিগত এজেন্ডা দূর করতে না পারলে আমরা আর আগের জায়গায় ফিরতে পারব না। এটা আমাদের ইতিহাসের সবচেয়ে অন্ধকার সময়। অযোগ্য ব্যক্তিদের সরাতে হবে-বোর্ড থেকে, দল থেকেও।’ এই মন্তব্যে সরাসরি নাম না নিলেও ইঙ্গিত স্পষ্ট-পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান মহসিন নকভির দিকে। যিনি একই সঙ্গে দেশের স্বরাষ্ট্রমন্ত্রীও। তাঁর নিয়োগের পর থেকেই বোর্ডের একাধিক সিদ্ধান্ত ঘিরে ‘রাজনৈতিক হস্তক্ষেপে’র অভিযোগ উঠেছে। এশিয়া কাপের ফাইনালে ভারতের হাতে ট্রফি তুলে দেওয়ার সময় তৈরি হয়েছিল বিতর্ক। টিম ইন্ডিয়া নকভির হাত থেকে স্মারক নিতে অস্বীকার করায় তিনি মঞ্চ থেকে সরিয়ে দেন ট্রফি-যা আন্তর্জাতিক ক্রিকেটমহলে ব্যাপক সমালোচিত হয়। যদিও দেশে ফিরে সরকারি সম্মান ও ব্যাপক জনাদর পান নকভি। বছর ঘুরতে না ঘুরতে নতুন টুর্নামেন্ট। এবার টি-২০ বিশ্বকাপ। যা শুরুর আগে ভারত ম্যাচ বয়কটের সম্ভাবনা নিয়ে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে বৈঠক করেন নকভি। আইসিসি কর্তাদের সঙ্গে একাধিক আলোচনার পর শেষমেশ সেই সিদ্ধান্ত বদলানো হয়। কিন্তু অনেকের মতে, এই বয়কট-নাটক দলের মনোসংযোগে প্রভাব ফেলেছে। কলম্বোয় আর প্রেমাদাসা স্টেডিয়ামে ভারত ১৭৫৭ তোলে। জবাবে পাকিস্তান গুটিয়ে যায় ১১৪ রানে। এই হারের ফলে সুপার এইটে ওঠা অনিশ্চিত। নেট রান রেট তলানিতে। নামিবিয়ার বিরুদ্ধে ম্যাচ কার্যত ‘করো বা মরো’। এই প্রেক্ষিতে ইউসুফের বক্তব্যে স্পষ্ট-সমস্যা শুধু মাঠে নয়, প্রশাসনিক স্তরেও। প্রশ্ন উঠছে, পাকিস্তান ক্রিকেট সত্যিই রাজনৈতিক প্রভাবের জালে জড়িয়েছে? নাকি এটা কেবল হতাশার বহিঃপ্রকাশ? উত্তর যাই হোক, একটা বিষয় নিশ্চিত-ভারতের বিরুদ্ধে এই পরাজয় পাকিস্তান ক্রিকেটে গভীর আত্মসমালোচনার দরজা খুলে দিয়েছে। আর সেই খিড়কি দিয়েই ঢুকে পড়েছে ‘রাজনীতি বনাম ক্রিকেটে’র চড়া সুরের বিতর্ক।

ইডেনে নিশ্চিত ভারত-ওয়েস্ট ইন্ডিজ ম্যাচ, মিলে গেল সৌরভের ভবিষ্যদ্বাণী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ ফেব্রুয়ারিঃ রবিবার টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচে পাকিস্তানের বিরুদ্ধে ৬১ রানে জয় পেয়েছে টিম ইন্ডিয়া। গ্রুপ পর্বে এক ম্যাচ বাকি থাকতেই জায়গা করে নিয়েছে সুপার এইটে। জয়ের রেশ কাটার আগেই সুখবর কলকাতাবাসীর জন্য। কয়েকদিন আগেই ভারতের প্রাক্তন অধিনায়ক ও বর্তমান সিএবি প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায় বলেছিলেন, ইডেনে ভারত বনাম ওয়েস্ট ইন্ডিজ ম্যাচ হবেই। তখনও সুপার এইটে যায়নি দুই দলের কেউই। তবে মিলে গেল সেই ভবিষ্যদ্বাণী। সুপার এইটের ম্যাচে ইডেনে মুখোমুখি হবে ভারত ও ওয়েস্ট ইন্ডিজ। এই মুহূর্তে ‘সি’ গ্রুপের শীর্ষে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ। তিন ম্যাচের তিনটিই জিতে প্রথম দল হিসেবে বিশ্বকাপের সুপার এইটে পৌঁছেছে ক্যারিবিয়ানরা। রবিবার

পাকিস্তানকে হারিয়ে কগ্রুপের শীর্ষে আছে ভারত। দ্বিতীয় দল হিসেবে সুপার এইটে জায়গা করে নিয়েছে তারা। আইসিসি-র নিয়ম অনুযায়ী এক গ্রুপেই পড়বে দুই দল। ১ মার্চ ইডেন গার্ডেন্সে মুখোমুখি হবে দুই দল। অর্থাৎ, চলতি বিশ্বকাপে এই প্রথম ভারতীয় দলের কোনও ম্যাচ খেলা হবে ইডেনে। এই ম্যাচ নিয়ে এখন থেকেই উত্তেজনা বাড়ছে কলকাতার ক্রিকেটপ্রেমীদের। আইসিসি-র নিয়ম অনুযায়ী আগে থেকেই চারটি গ্রুপ থেকে সম্ভাব্য আটটি দল নিয়ে সুপার এইট পর্বের গ্রুপ বিন্যাস তৈরি করা আছে। সেই অনুযায়ী এক্স ও ওয়াই গ্রুপে ভাগ করা হয়েছে আটটি দলকে। এক্স গ্রুপে ভারত ও ওয়েস্ট ইন্ডিজের থাকা নিশ্চিত। আইসিসি-র সম্ভাব্য তালিকায় বাকি দুটি স্থানে রয়েছে অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকা। প্রোটিয়াদের সুপার এইটে যাওয়া অনেকটা নিশ্চিত হলেও সন্দেহ আছে অস্ট্রেলিয়াকে নিয়ে। ওয়াই গ্রুপে আইসিসি-র সম্ভাব্য তালিকায় আছে ইংল্যান্ড, নিউ জিল্যান্ড, শ্রীলঙ্কা ও পাকিস্তান। তবে এই চারটি দলের মধ্যে কেউই এখনও নিশ্চিত নয় সুপার এইটে। বরং চমক দিতে পারে আফগানিস্তান, জিম্বাবোয়ের মতো দলগুলি।

ছিটকে গেলেন হ্যাজেলউড, স্কোয়াডে যোগ দিলেন স্মিথ

সংবাদ সংস্থা, মেলবোর্ন, ১৬ ফেব্রুয়ারিঃ আগেই বাড়ছিল জল্পনা, এ বার তাতে সিলমোহর পড়ল। গোড়ালিতে চোটের জন্য পাকাপাকি ভাবে আইসিসি টি২০ বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন তারকা পেসার জশ হ্যাজেলউড। অস্ট্রেলিয়ার মেডিক্যাল টিমের সদস্যরা নজর রেখেছিলেন তাঁর চোটের উপরে। আশা করা হয়েছিল, টুর্নামেন্টের শেষ দিকে খেলতে পারবেন তিনি। তবে সেই সম্ভাবনা আর নেই। তাই পরিবর্ত হিসেবে ১৫ সদস্যের দলে জায়গা পেলেন অভিজ্ঞ ব্যাটার স্টিভ স্মিথ। এর আগে মিচেল মার্শের ব্যাক-আপ হিসেবে দলের সঙ্গে ছিলেন তিনি। এ বার পাকাপাকি ভাবে স্কোয়াডে জায়গা পেলেন হ্যাজেলউডের বিকল্প হিসেবে। আইসিসি-র টেকনিক্যাল কমিটির পক্ষ থেকে স্মিথকে অনুমোদন দেওয়া হয়েছে। একটি বিবৃতিতে জানানো হয়, ‘জশ হ্যাজেলউডের পরিবর্ত হিসেবে অস্ট্রেলিয়া দলে যোগ দিয়েছেন স্মিথ। তাতে সিলমোহর দিয়েছে আইসিসি। গোড়ালির চোটের জন্য বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন হ্যাজেলউড।’ এর আগে অধিনায়ক মিচেল মার্শের ব্যাক-আপ হিসেবে দলে যোগ দিয়েছিলেন স্মিথ। প্রথম দুই ম্যাচে খেলতেও পারেননি মার্শ। তবে শ্রীলঙ্কার বিরুদ্ধে ম্যাচে ফেরার সম্ভাবনা রয়েছে। গুরুত্বপূর্ণ সময়ে অস্ট্রেলিয়া স্কোয়াডে যোগ দিয়েছেন স্মিথ। প্রথম ম্যাচে আয়ারল্যান্ডের বিরুদ্ধে জিতলেও পরের ম্যাচে বড় ধাক্কা খায়। জিম্বাবোয়ে ২৩ রানে হারিয়ে দেয় অজিদের। ফলে অস্ট্রেলিয়ার সুপার এইটে ওঠা এখন চ্যালেঞ্জের মুখে। তাই শ্রীলঙ্কার বিরুদ্ধে কার্যত ডু-অর-ডাই ম্যাচে নামছে অস্ট্রেলিয়া। তবে স্মিথ প্রথম একাদশে জায়গা পাবেন কি না, সেটাই দেখার। উল্লেখ্য দেশের জার্সিতে স্মিথ শেষ টি-টোয়েন্টি ম্যাচ খেলেছিলেন ২০২৪-এ। সদ্য সমাপ্ত বিগ ব্যাশ লিগে দুর্দান্ত পারফর্ম করেছেন তিনি। সিডনি সিক্সার্স-এর হয়ে ছয় ম্যাচে ২৯৯ রান করেন। গড় ৫৯.৮০ এবং স্ট্রাইক রেট ১৬৭.৯৭। এর মধ্যে ছিল একটি সেঞ্চুরি ও দু’টি হাফ সেঞ্চুরি।



বিরল নজির রশিদের, আমিরশাহিকে হারিয়ে সুপার এইটের আশা জিইয়ে রাখল আফগানিস্তান

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ১৬ ফেব্রুয়ারিঃ টি-টোয়েন্টি বিশ্বকাপে আরব আমিরশাহীকে হারিয়ে এখনও সুপার এইটে যাওয়ার আশা রইল আফগানদের। সোমবার দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে মুখোমুখি হয়েছিল দুই দল। ৫ উইকেটে আরবকে হারিয়ে দিলেন রশিদ খানরা। এই ম্যাচ আফগানদের কাছে জরুরি ছিল। এই ম্যাচে হারলে সুপার এইটের যুদ্ধ থেকে অনেকটাই পিছিয়ে পা।তে হত রশিদদের। গতকালই বন্ধু দেশ ভারতের পাক বধের পর উদযাপনে শামিল হয়েছিলেন আফগানরা। এরপর তাঁদের নিজেদের জয়ও স্বস্তি দেবে তাঁদের। এদিন টসে জিতে আরবকে ব্যাট করতে পাঠায় আফগানরা। শুরুর দুই ওভারেই দুই উইকেট হারিয়ে চাপে পড়ে যায় আরব। শুরুতেই আউট হয়ে যান অরিয়াংশ শর্মা ও মহম্মদ ওয়াসিম। তারপরেই আরব ইনিংসের হাল ধরেন আলিশান শরাফু ও শোহেব খান। ৩১ বলে ৪০ রান করে মুজিব উর রহমানের বলে ক্যাচ আউট হয়ে যান শরাফু। ৪৮ বলে ৬৮ করেছেন শোহেব। আফগান বোলার আজমতউল্লাহ ওমরজাই ১৫ রান দিয়ে নিয়েছেন ৪ উইকেট। তাঁর সামনেই তাসের ঘরের মতো ভেঙে পড়ে আরব দল। মুজিব পেয়েছেন ২ উইকেট। রশিদ খান পেয়েছেন একটি উইকেট। ২৭ বছর

বয়সেই টি-২০ ক্রিকেটের ইতিহাসে নতুন অধ্যায় লিখে ফেললেন রশিদ খান। এদিন মাঠে নেমে ৭০০তম উইকেট তুলে বিশ্বের প্রথম বোলার হিসেবে বিরল নজির ছুঁলেন আফগান লেগস্পিনার। এদিন মহম্মদ আরফানকে আউট করে ৭০০তম শিকার রশিদের। এর আগে আমদাবাদে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ৬৯৮ ও ৬৯৯ নম্বর উইকেট পেয়েছিলেন তিনি। আন্তর্জাতিক, ফ্র্যাঞ্চাইজি ও ঘরোয়া-সব মিলিয়ে টি-২০ ক্রিকেটে রশিদের এই কীর্তি আক্ষরিক অর্থে ‘অ-ভূতপূর্ব’ তালিকায় দ্বিতীয় স্থানে ডোয়েন ব্রাভো (৬৩১ উইকেট), তিন নম্বরে সুনীল নারিন (৬১৩)। সব মিলিয়ে টি-২০ আন্তর্জাতিকেও সর্বোচ্চ উইকেটশিকারি রশিদ-১৯১। এমন বিরল সাফল্য নিয়ে রশিদের মন্তব্য যদিও যথেষ্ট তাৎপর্যপূর্ণ-‘‘৭০০ উইকেট নিয়ে কোনও নির্দিষ্ট লক্ষ্য ছিল না। দেশের হয়ে শতভাগ দিই, দল চাইলে উইকেট আসে।’’ ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে আরব তুলেছিল ১৬০ রান। জবাবে ব্যাট করতে নেমে শুরুতেই আউট হয়ে যান গুরবাজ। শূন্য রানে প্যাভিলিয়নে ফেরেন তিনি। আর এক ওপেনার ইব্রাহিম জাদরান ৪১ বলে করেছেন ৫৩ রান। ব্যাটে-বলে সুপারহিট পারফরম্যান্স করেছেন ওমরজাই। তাঁর ২১ বলে ৪০ রানের ইনিংসে ভর করেই চার বল বাকি থাকতেই নির্ধারিত লক্ষ্যে পৌঁছে যায় আফগানরা। আফগানিস্তান এই জয়ের ফলে রইল তৃতীয় স্থানে। তিন ম্যাচের তিনটিটেই জিতে সুপার এইটে উঠে গেছে দক্ষিণ আফ্রিকা। দ্বিতীয় স্থানে নিউজিল্যান্ড। দুই দলেরই শেষ ম্যাচ কানাডার বিরুদ্ধে। আফগানরা চাইবেন কানাডার বিরুদ্ধে জিততে। নিউজিল্যান্ড কানাডার বিরুদ্ধে হেরে পয়েন্ট নষ্ট করলেই আফগানিস্তান উঠে যাবে সুপার এইটে। এই অঙ্ক নিয়ে আপাতত জমজমাট গ্রুপ ডি।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক অলোক কুমার নস্কর এবং মুদ্রক চিত্ত দেবনাথ কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Published by Aloke Kumar Naskar & Printer by Chitya Debnath on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar

Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com